বার্ষিক প্রতিবেদন

২০১৮-২০১৯

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

BANGLADESH SAMABAYA BANK LTD.

সমবায় ব্যাংক ভবন, ৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।


সমবায় ব্যাংক

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

BANGLADESH SAMABAYA BANK LTD.

সমবায় ব্যাংক ভবন, ৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

প্রকাশকাল

জুলাই- ২০১৯

প্রকাশনায়

গবেষণা ও পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ
৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

মুদ্রণ
মিতু প্রিন্টিং প্রেস
১০/১, নয়াপল্টন, ঢাকা।
মোবাইলঃ ০১৭১৩২১৫৪৭৫

সূচীপত্রঃ

ক্রঃনং	বিবরণ	পৃষ্ঠা নং
১	৪২তম বার্ষিক সাধারণ সভার নোটিশ	
২	বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর প্রতিষ্ঠার প্রেক্ষাপট	
৩	প্রতিষ্ঠাতা নেতৃবৃন্দ	
৪	সভাপতিগণের তালিকা	
৫	বর্তমান ব্যবস্থাপনা কমিটির পরিচিতি	

৬	মাইলস্টোন	
৭	কর্পোরেট তথ্য	
৮	উদ্দেশ্যাবলী	
৯	কৌশলগত উদ্দেশ্য	
১০	লক্ষ্য এবং অঙ্গীকার	
১১	সেবা সমূহ	
১২	ব্যাংকিং সেবাসমূহ	
১৩	বিনিয়োগের খাত/ ঋণ সেবাসমূহ	
১৪	নির্বাহী কর্মকর্তাবৃন্দ	
১৫	সভাপতির বার্তা	
১৬	মহাব্যবস্থাপকের (প্রধান নির্বাহী কর্মকর্তা) বার্তা	
১৭	ব্যবস্থাপনা কমিটির প্রতিবেদন	
১৮	প্রাতিষ্ঠানিক সুশাসন	
১৯	এ্যালবাম থেকে	
২০	নিরীক্ষা সনদ	
২১	২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থ বছরের উদ্বৃত্তপত্র	
২২	লাভ- লোকসান হিসাব ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯	
২৩	লাভ- লোকসান বন্টন হিসাব ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯	
২৪	নগদ প্রবাহ বিবরণী ২০১৮-২০১৯	
২৫	আর্থিক বিবরণী সমূহের নোট	
২৬	প্রস্তাবিত বাজেট ২০১৯-২০২০	
২৭	সম্পূরক বাজেট	
২৮	২০১৯-২০ অর্থ বছরের ঋণ গ্রহণের সীমা	

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

৯-ডি, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন-৯৫৬৪৬২৮, ৯৫৫৭৮০০,৯৫৬০৮৭৩,৯৫৬০৯১৭, ৯৫৭৬২৪০।

Web: www.bsbl.org.bd; Email: bsblrdcd@gmail.com; bdbsbl_bank@yahoo.com

স্মারক নং- প্রশা-৮৭/পি-২৬/৩১৬৪

তারিখঃ ০৮-০৭-২০১৯খ্রিঃ

৪২তম বার্ষিক সাধারণ সভার নোটিশ

আগামী ২৪ জুলাই ২০১৯, রোজ বুধবার সকাল ৯:৩০ ঘটিকায় বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ৪২তম বার্ষিক সাধারণ সভা ঢাকা মহানগর গুলিস্তান এলাকায় অবস্থিত কাজী বশির মিলনায়তনে (পুরাতন মহানগর নাট্যমঞ্চ) অনুষ্ঠিত হবে। সভার আলোচ্য বিষয়সমূহ নিম্নরূপঃ

০১। ২৬-০৭-২০১৮ তারিখে অনুষ্ঠিত ৪১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন;

০২। ব্যবস্থাপনা কমিটির কার্যক্রমের ওপর বার্ষিক প্রতিবেদন (বার্ষিক রিপোর্ট) পর্যালোচনা;

০৩। ২০১৭-২০১৮ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন (Audit Report) ও উদ্‌বৃত্তপত্র (Balance Sheet) বিবেচনা ও অনুমোদন;

০৪। ২০১৭-২০১৮ অর্থ-বছরের নিরীক্ষা প্রতিবেদনে উল্লিখিত মন্তব্যসমূহের আলোকে নিবন্ধক মহোদয়ের দপ্তরে প্রেরণের জন্য প্রস্তুতকৃত পরিপালনপত্র (সংশোধনী প্রতিবেদন) আলোচনা ও অনুমোদন;

০৫। ২০১৮-২০১৯ অর্থ বছরের অনিরীক্ষিত হিসাব বিবরণী (উদ্বৃত্তপত্র, লাভ-ক্ষতি ও লাভ বন্টন হিসাব) অনুমোদন;

০৬। ২০১৯-২০২০ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট এবং ২০১৮-২০১৯ অর্থ বছরের সম্পূরক বাজেট অনুমোদন;

০৭। ২০১৯-২০২০ অর্থ বছরের ঋণ গ্রহণের সর্বোচ্চ সীমা নির্ধারণ;

০৮। ২০১৭-২০১৮ অর্থ বছরের নীট মুনাফা হতে সদস্য সমিতির অনুকূলে লভ্যাংশ বিতরনের বিষয়ে আলোচনা ও অনুমোদন;

০৯। নিবন্ধন বাতিল ০৭টি সদস্য সমিতির সদস্য বাতিলের বিষয়ে আলোচনা ও অনুমোদন;

১০। বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এ DFS (Digital Finance Service) এবং MFS (Mobile Finance Service) চালুকরণ;

১১। বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর সংস্কার, আধুনিকীকরণ ও যুগোপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে তফসিলী ব্যাংক/বিশেষায়িত ব্যাংক করণ;

১২। কর্মকর্তা-কর্মচারীদের চাকরি বিধিমালা, নিয়োগ বিধিমালা ও জনবল কাঠামো সংশোধনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;

১৩। বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীগণের প্রয়োজনীয় প্রশিক্ষন কার্যক্রম চালুকরণ;

১৪। ব্যাংকের ১৪৯নং বঙ্গবন্ধু রোড, নারায়নগঞ্জস্থ নিজস্ব জায়গায় ১০ তলা বিশিষ্ট মার্কেট/ বাণিজ্যিক ভবন নির্মান সংক্রান্ত ব্যয় অনুমোদন;

১৫। বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর পরিশোধিত শেয়ার মূলধন বৃদ্ধি এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর বিধি ৮৮(৩) মোতাবেক অধিকার প্রয়োগের ক্ষমতা সীমিত করণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ; এবং

১৬। সভাপতি কর্তৃক তাৎক্ষনিকভাবে উত্থাপিত অন্য যে কোন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সদস্য প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত মনোনীত প্রতিনিধিকে বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার সিদ্ধান্তের সত্যায়িত অনুলিপি এবং জেলা/উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত নির্ধারিত পরিচয়পত্রসহ সভা শুরু হওয়ার কমপক্ষে এক ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট অঞ্চলের কাউন্টারে নিবন্ধন করতঃ যথাসময়ে সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ (ক) ৪১ বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী। (খ) ২০১৭-২০১৮ অর্থ-বছরের নিরীক্ষিত উদ্বৃত্তপত্র। (গ) প্রতিনিধি পরিচয়পত্র ফরম।	ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে- স্বাক্ষরিত (মো: মোমিনুল হক তালুকদার) মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা

স্মারক নং-প্রশা-৮৭/পি-২৬/৩১৬৪(৫৭৮)

তারিখঃ ০৮-০৭-২০১৯খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ

০১। সভাপতি/সম্পাদক/মহাব্যবস্থাপক/নির্বাহী কর্মকর্তা, ----------। **আপনার প্রতিষ্ঠানের একজন প্রতিনিধি মনোনয়ন করতঃ তাঁকে ক্ষমতা প্রদানের সিদ্ধান্তের অনুলিপি, জাতীয় পরিচয়পত্র ও এতদসঙ্গে সংযুক্ত পরিচয়পত্র (জেলা/উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত) সহ নির্ধারিত তারিখে সভায় যোগদানের জন্য অনুরোধ করা হলো।**

০২। জেলা সমবায় অফিসার, ...। **আপনার জেলাধীন বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর সদস্য প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিনিধি বর্ণিত বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের জন্য সমবায় আইন ও বিধি অনুযায়ী যোগ্য কিনা যাচাইপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার রেজুলেশনের ফটোকপি এবং প্রতিনিধি পরিচয়পত্র প্রতিস্বাক্ষ-র করতে অনুরোধ করা হলো।**

০৩। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।

০৪। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।

০৫। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ভবন নং-০৭ (৬ষ্ঠ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপিঃ

০১। জনাব ....., সভাপতি/সহ-সভাপতি/সদস্য, ব্যবস্থাপনা কমিটি, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, ঢাকা।

০২। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ।

০৩। উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ।

প্রতিষ্ঠার প্রেক্ষাপট

পাকভারত উপমহাদেশে ১৮৯৫ খ্রীষ্টাব্দে কৃষকদের ঋণের বোঝা হালকা করার উদ্দেশ্যে গরীব কৃষকদের সহজ শর্তে ঋণ দেয়ার জন্য "সমবায় ঋণদান সমিতি" গড়ে উঠে। ১৯০৪ সালে বৃটিশ ভারতে সমবায় সমিতি আইন জারির পর বৃটিশ ভারতের সর্বত্র কৃষি সমবায় ঋণদান সমিতি গঠন শুরু হয়। সমবায় আন্দোলনে আরও গতিময়তা আনয়নের লক্ষ্যে ১৯১২ খ্রীষ্টাব্দে সমবায় সমিতি আইন প্রণীত হয় এবং এর মাধ্যমে সমবায় ঋণদান সমিতি সৃষ্টি হলেও মাঝারী ও বড় চাষীদের প্রয়োজনে আর্থিক চাহিদা মেটানো দুঃসাধ্য হয়। সরকারী উদ্যোগে ১৯২২ সালে বেঙ্গল প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাংক প্রতিষ্ঠিত হয় এবং ইহার সদর দপ্তর হয় কোলকাতায়। পরবর্তী সময়ে ১৯৪০ সালে বঙ্গীয় আইন পরিষদ ১৯১২ সালের আইনকে সংশোধন করে দা বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি এ্যাক্ট, ১৯৪০ প্রণয়নের মাধ্যমে সমবায় আন্দোলনকে আরও অর্থবহ ও কার্যকর করার বিধান সৃষ্টি করে। ১৯৪০ সালের দা বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি এ্যাক্ট অনুযায়ী পূর্ব পাকিস্তানে ১৯৪৮ সালের ৩১শে মার্চ ইষ্ট পাকিস্তান প্রভিন্শিয়াল কো-অপারেটিভ ব্যাংক প্রতিষ্ঠা লাভ করে। ০১-০৪-১৯৪৮ খ্রীঃ হতে সদরঘাট এলাকায় অবস্থিত ভিক্টোরিয়া পার্ক সংলগ্ন জনশন রোডে একটি ভাড়াবাড়ীতে কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে ১৯৪৯ সালে ৩/১০ জনশন রোডে

ইম্পিরিয়াল ব্যাংক অব ইন্ডিয়ার মালিকানাধীন ভবনটি ক্রয় করে পুরোদমে কার্যক্রম শুরু করা হয় । ১৯৫৯ সালে ৯-ডি, মতিঝিল এলাকায় ৮.৭৬ কাঠা জমি পূর্ব পাকিস্তান সরকারের নিকট হতে ৯৯ বছরের জন্য লীজ গ্রহণ করে ১৯৬২ সালে ৯ তলা বিশিষ্ট সমবায় ব্যাংক ভবন তৈরী করা হয়। স্বাধীনতা লাভের পর এই ব্যাংকটি ১৯৭২ সালে বাংলাদেশ জাতীয় সমবায় ব্যাংক লিমিটেড নামকরণ করা হয়। পরবর্তীসময়ে ১৯৭৮ সালে উপ-আইন সংশোধন করে এই ব্যাংকটির নামকরণ করা হয় বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ (বিএসবিএল)। প্রতিষ্ঠাকালীন ব্যাংকের নিবন্ধন নং ছিল ৩, তারিখ ৩১-০৩-১৯৪৮ খ্রীঃ। পরবর্তীতে সমবায় সমিতি আইন ও বিধিমালা নতুনভাবে জারী হওয়ার পর ২০০৫ সালে উপ-আইন সংশোধিত আকারে নিবন্ধন করা হয়। সংশোধিত নিবন্ধন নং ০১ বি, তারিখ ০৯-০৩-২০০৫ খ্রীঃ।

আমরা গভীর শ্রদ্ধায় স্মরণ করি

প্রতিষ্ঠাতা নেতৃবৃন্দ

ক্রঃনং	নাম	মন্তব্য
০১.	জনাব সৈয়দ মোঃ আফজাল	মাননীয় প্রাদেশিক সমবায় মন্ত্রী।
০২.	জনাব এস.এ সেলিম, এম.এল.এ	পরবর্তীতে প্রাদেশিক সমবায় মন্ত্রী।
০৩.	জনাব খাজা হাবিবুল্লাহ	ঢাকার নবাব পরিবারের সদস্য।
০৪.	জনাব ওয়াহিদুজ্জামান, বিএল	গোপালগঞ্জ কেন্দ্রীয় সমবায় ব্যাংক।
০৫.	জনাব আশরাফ হোসেন	জামালপুর কেন্দ্রীয় সমবায় ব্যাংক।
০৬.	জনাব শফিক উদ্দীন আহমেদ	নোয়াখালী কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।
০৭.	জনাব সামসুর রহমান	খুলনা কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।
০৮.	জনাব সুকুমার বোস	যশোর কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।
০৯.	জনাব সিরাজউদ্দিন আহমেদ	গাইবান্ধা কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।
১০.	জনাব শহিদুল হক	ব্রাহ্মনবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।
১১.	জনাব ধরনী কুমার পাল	সিলেট কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।
১২.	জনাব এ.এম বশির উদ্দিন চৌধুরী	ঢাকা কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।
১৩.	জনাব মোঃ হাসানুজ্জামান	চট্টগ্রাম কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।
১৪.	জনাব আবদুল লতিফ চৌধুরী	ঢাকা কেন্দ্রীয় সমবায় ব্যাংক।
১৫.	জনাব বিনয় কুমার বোস	ঢাকা কেন্দ্রীয় সমবায় ব্যাংক।
১৬.	জনাব ফায়েকুজ্জামান	চট্টগ্রাম কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।
১৭.	জনাব হাতেম আলী	মঠবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।
১৮.	জনাব সিরাজুল হক	রাজশাহী কেন্দ্রীয় সমবায় ব্যাংক ।

উদ্যোক্তা সরকারী কর্মকর্তা

ক্রঃনং	নাম	মন্তব্য
০১.	জনাব ইকবাল আতাহার আলী আই.সি.এস	রেজিষ্টার, কো-অপারেটিভ সোসাইটিজ অব ইস্টবেঙ্গল।
০২.	জনাব খান সাহেব আব্দুল হালিম	এ্যাসিস্ট্যান্ট রেজিষ্টার, কো-অপারেটিভ সোসাইটিজ অব ইস্টবেঙ্গল।
০৩.	জনাব এ.এ.ছাবির	চিফ অডিটর, কো-অপারেটিভ সোসাইটিজ অব ইস্টবেঙ্গল।

আমরা গভীর শ্রদ্ধায় স্মরণ করি

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সভাপতিগণের নামের তালিকা

ক্রঃ নং	নাম	দায়িত্বের ধরণ	দায়িত্বকাল	
০১	খাজা হাবিবুল্লাহ	সরকার মনোনীত	০১-০৪-১৯৪৮	০৯-০৬-১৯৫৪
০২	নুরুল গনি, ডেপুটি ম্যাজিষ্ট্রেট	অফিসার ইনচার্জ	১০-০৬-১৯৫৪	০৩-০৭-১৯৫৪
০৩	এম. এ হালিম, ডেপুটি ম্যাজিষ্ট্রেট	অফিসার ইনচার্জ	০৪-০৭-১৯৫৪	৩১-১২-১৯৫৫
০৪	রাজী উদ্দিন আহমেদ, এ্যাসিস্ট্যান্ট রেজিষ্টার,	অফিসার ইনচার্জ	০১-০১-১৯৫৬	২৯-০৪-১৯৫৬
০৫	ওয়াহিদুজ্জামান, বি.এল	সরকার মনোনীত	৩০-০৪-১৯৫৬	৩০-০৩-১৯৫৭
০৬	এস.এন.এইচ রিজভী, সিএসপি, নিবন্ধক	পদাধিকারবলে	০১-০৪-১৯৫৭	০৪-০৪-১৯৫৮
০৭	বোরহান উদ্দিন আহমদ, সিএসপি, নিবন্ধক	,,	০৫-০৫-১৯৫৮	২২-০৮-১৯৫৯
০৮	একেএম আহসান, সিএসপি, নিবন্ধক	,,	২৩-০৮-১৯৫৯	৩১-০১-১৯৬৪
০৯	আবুল এহসান, সিএসপি, নিবন্ধক	,,	২৯-০২-১৯৬৪	১০-০৯-১৯৬৪
১০	এম. এম. জামান, সিএসপি, নিবন্ধক	,,	১১-০৯-১৯৬৪	০২-০৮-১৯৬৬
১১	পি. এ. নাজির, সিএসপি, নিবন্ধক	,,	০৩-০৮-১৯৬৬	২৩-০৬-১৯৬৯
১২	লুৎফুর রহমান খান, সিএসপি, নিবন্ধক	,,	২৫-০৬-১৯৬৯	০৫-০৪-১৯৭২
১৩	খান সাহেব শেখ মোশারফ হোসেন	নির্বাচিত	০৬-০৪-১৯৭২	০৮-০৭-১৯৭৮
১৪	আলী হোসেন, এমপি	নির্বাচিত	০৯-০৭-১৯৭৮	১৬-০৭-১৯৮৩

১৫	এ. জেড. এম. সামসুল আলম, সিএসপি নিবন্ধক	পদাধিকারবলে	১৭-০৭-১৯৮৩	১৭-০৭-১৯৮৩
১৬	সৈয়দ রেজাউল হায়াত, সিএসপি, নিবন্ধক	,,	১৮-০৭-১৯৮৩	২০-১০-১৯৮৪
১৭	ড. সা'দত হোসাইন, সিএসপি, নিবন্ধক	,,	২১-১০-১৯৮৪	০৮-০১-১৯৮৭
১৮	মোঃ শহিদুল আলম, সিএসপি, নিবন্ধক	,,	১৬-০২-১৯৮৭	০৩-০৫-১৯৮৭
১৯	হাসান উদ্দিন সরকার, এমপি	নির্বাচিত	০৪-০৫-১৯৮৭	৩০-০৫-১৯৯০
২০	হাবিবুর রহমান সরকার,	নির্বাচিত	৩১-০৫-১৯৯০	২১-০১-১৯৯৩
২১	ড. আবদুল মঈন খান, এমপি	নির্বাচিত	২২-০২-১৯৯৩	০৬-০৯-১৯৯৬
২২	আফজল খান, এ্যাডভোকেট	নির্বাচিত	০৭-০৯-১৯৯৬	১৯-১০-২০০২
২৩	এডভোকেট এম. রুহুল কুদ্দুস তালুকদার,এমপি	নির্বাচিত	২০-১০-২০০২	১৯-০৪-২০০৭
২৪	আবদুল লতিফ মন্ডল, প্রাক্তন সচিব	সরকার মনোনীত	২০-০৫-২০০৭	২৭-০৪-২০০৯
২৫	মহিউদ্দিন আহমেদ	সরকার মনোনীত	২৭-০৪-২০০৯	১৯-০৭-২০০৯
২৬	মহিউদ্দিন আহমেদ	নির্বাচিত	২০-০৭-২০০৯	২৬-০৫-২০১২
২৭	মহিউদ্দিন আহমেদ	নির্বাচিত	২৬-০৫-২০১২	০৬-০৫-২০১৫
২৮	মহিউদ্দিন আহমেদ	নির্বাচিত	০৭-০৫-২০১৫	

বর্তমান ব্যবস্থাপনা কমিটির পরিচিতি

চেয়ারম্যান

জনাব মহিউদ্দিন আহমেদ

ভাইস চেয়ারম্যান

জনাব চৌধুরী মোঃ আফজাল হোসেন নিছার

পরিচালকবৃন্দ

নির্বাচিত

জনাব ডাঃ আজম খান নোমান

জনাব এ.কে.এম হাবিবুর রহমান চাঁন

জনাব মোস্তফা সেলিম বেঙ্গল

জনাব এ এম এম সাহাবুদ্দিন

মিসেস সালমা বিনতে ইসলাম

সরকার মনোনীত

জনাব মোঃ আফজাল হোসেন
অতিরিক্ত সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

জনাব মোঃ আহসান কবীর
অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)
সমবায় অধিদপ্তর, ঢাকা

জনাব আবু নাঈম পাটওয়ারী দুলাল

চেয়ারম্যান,

চাঁদপুর সেন্ট্রাল কো-

অপারেটিভ ব্যাংক লিঃ

জনাব মোঃ সুলতান মাসুদ আহমেদ
মহাব্যবস্থাপক,
(ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট)
বাংলাদেশ ব্যাংক

ব্যবস্থাপনা কমিটির

পরিচিতি

<u>জনাব মহিউদ্দিন আহমেদ, চেয়ারম্যান</u>

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ২৮ তম চেয়ারম্যান জনাব মহিউদ্দিন আহমেদ ১৯৬৭ সালের ১লা ডিসেম্বর ব্রাহ্মণবাড়ীয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলাধীন মায়ারামপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম আফতাব উদ্দিন আহমেদ বাংলাদেশ সরকারের সাবেক উপ-সচিব এবং মাতা বেগম ফাতেমা খাতুন সিদ্ধেশ্বরী গার্লস হাইস্কুলের প্রাক্তন শিক্ষিকা। তিনি ফৌজদারহাট ক্যাডেট কলেজ থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় এর তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ হতে স্নাতকোত্তর এবং বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে এলএলবি ডিগ্রী লাভ করেন। তিনি দুই পুত্র সন্তানের জনক এবং তাঁর স্ত্রী নূরজাহান বেগম একজন গৃহিণী। তিনি একজন সফল সমবায়ী, ক্রীড়া সংগঠক ও সক্রিয় রাজনীতিবিদ। তিনি মায়ারামপুর কৃষক সমবায় সমিতির সদস্য, বাঞ্ছারামপুর সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর প্রতিষ্ঠাতা

চেয়ারম্যান । এছাড়া তিনি বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ভাইস চেয়ারম্যান হিসাবে ১৯৯৬ হতে ২০০২ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ ফুটবল ফেডারেশনের নির্বাচিত সহ-সভাপতি। তিনি ব্রাদার্স ইউনিয়ন ক্লাবের ডাইরেক্টর ইন-চার্জ ও শেখ রাসেল ক্রীড়াচক্র লিঃ এর স্থায়ী সদস্য। তিনি আওয়ামী যুবলীগ, ঢাকা মহানগর (দক্ষিন) এর সাবেক সফল সভাপতি এবং বর্তমানে তিনি বাংলাদেশ আওয়ামী যুবলীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির যুগ্ম- সম্পাদক। তিনি ক্যাডেট কলেজ ক্লাবের স্থায়ী সদস্য এবং ওল্ড ফৌজিয়ান এসোসিয়েশনের আজীবন সদস্য।

জনাব চৌধুরী মোঃ আফজাল হোসেন নিছার,

জনাব চৌধুরী মোঃ আফজাল হোসেন নিছার ব্রাহ্মণবাড়ীয়া জেলার সদর উপজেলার চিনাইর গ্রামের সম্ভ্রান্ত চৌধুরী বাড়ীতে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম হাজী তোফাজ্জল হোসেন চৌধুরী ও মাতা মরহুম জাহেরা বেগম চৌধুরী । চৌধুরী মোঃ আফজাল হোসেন নিছার বাংলাদেশ সমবায় ব্যাংক পরিচালনা পরিষদের সহ-সভাপতি ছাড়াও বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের সাবেক পরিচালক, বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুরেন্স লিঃ এর সাবেক পরিচালক । তিনি ব্রাহ্মণবাড়ীয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংকের সাবেক সভাপতি ও ব্রাহ্মণবাড়ীয়া সমবায় ভূমি উন্নয়ন ব্যাংকের সভাপতি। তিনি ১৯৯৩-২০০২ মেয়াদে তিন দফা বাংলাদেশ সমবায় ব্যাংকের পরিচালক, ব্রাহ্মণবাড়ীয়া সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) এর সাবেক সভাপতি। ব্রাহ্মণবাড়ীয়া জেলা আইন শৃংখলা কমিটির সদস্য । যুগ্ম সম্পাদক, ব্রাহ্মণবাড়ীয়া ডায়াবেটিক সমিতি । সদস্য, বেসরকারী কারা পরিদর্শক, ব্রাহ্মণবাড়ীয়া। তিনি একজন সমাজ সেবক ও শিক্ষানুরাগী । তিনি ব্রাহ্মণবাড়ীয়া জেলা কৃষি খাস জমি বন্দোবস্ত কমিটির সদস্য।

জনাব আলহাজ্ব এ.কে.এম.হাবিবুর রহমান চাঁন,

জনাব আলহাজ্ব এ.কে.এম.হাবিবুর রহমান চাঁন ১৯৫৮ সালের ৩১শে ডিসেম্বর মাসে জামালপুর জেলার মেলান্দহ উপজেলার চারাইলদার গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা
মৃত আঃ খালেক সরকার এবং মাতা মৃত জহুরা খাতুন। তিনি বিবাহিত এবং এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক। তাঁর স্ত্রী জাহানারা বেগম গৃহিণী। তিনি বরিশাল বি এম কলেজ হতে স্নাতক ডিগ্রী লাভ করেন। তিনি ব্যবসা ও কৃষির সাথে সম্পৃক্ত। তিনি চারাইলদার কৃষক সমবায় সমিতির সদস্য হিসেবে ১৯৮৪ সাল থেকে সমবায় কর্মকান্ডের সাথে জড়িত। জনাব এ.কে.এম.হাবিবুর রহমান চাঁন মেলান্দহ ইউসিসিএ লিঃ এর প্রাক্তন সভাপতি এবং জাহানারা হাবিব দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা, মেলান্দহ ইমারত নির্মাণ ঠিকাদার সমিতির সাবেক সভাপতি, মেলান্দহ বাজার বণিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক ও বাংলাদেশ আওয়ামী লীগ

মেলান্দহ উপজেলা কমিটির সাবেক সভাপতি। মেলান্দহ উপজেলার সাবেক উপজেলা চেয়ারম্যান ।

জনাব এ এম এম সাহাবুদ্দিন, পরিচালক

জনাব এ এম এম সাহাবুদ্দিন ১৯৫৫ সালের ৩০শে জুন চট্টগ্রাম শহরের আন্দরকিল্লায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম সৈয়দ মঈনুদ্দিন হোসাইন এবং মাতার নাম ফাতেমা জোহরা বেগম। তিনি এক পুত্র ও দুই কন্যা সন্তানের জনক। তিনি ১৯৭৫ সালে চিটাগাং কলেজ হতে স্নাতক ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯৬ সাল হতে সমবায় আন্দোলনের সাথে সম্পৃক্ত। তিনি বর্তমানে চট্টগ্রাম সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর সভাপতি এবং চট্টগ্রাম কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ এর সভাপতি। তিনি পুস্তক প্রকাশনা ব্যবসার সাথে জড়িত এবং বাংলাদেশ পুস্তক প্রকাশ ও বিক্রেতা সমিতি, চট্টগ্রাম জেলা শাখার সভাপতি । তিনি বিভিন্ন শিক্ষা, সামাজিক সেবামূলক ও সাংস্কৃতিক সংগঠনের সাথে প্রত্যক্ষভাবে জড়িত। একই সাথে তিনি অনেক সেবামূলক প্রতিষ্ঠানের আজীবন সদস্য।

জনাব মোস্তফা সেলিম বেঙ্গল, পরিচালক

জনাব মোস্তফা সেলিম বেঙ্গল রংপুর জেলার হারাগাছ নামক স্থানে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মোঃ মহসিন আলী বেঙ্গল এবং মাতা মাসুদা আলী। মোস্তফা সেলিম বেঙ্গল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে রাষ্ট্র বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি ২০০২ সাল থেকে সমবায় আন্দোলনের সঙ্গে সংশ্লিষ্ট এবং খাসবাস কৃষি সমবায় সমিতির সদস্য । তিনি পেশায় এক জন ব্যবসায়ী। বেঙ্গল এন্ড কোম্পানীর পরিচালক, হারাগাছ সামাজিক উন্নয়ন সংস্থার প্রতিষ্ঠাতা এবং চেয়ারম্যান, কনসোল লিঃ ।

জনাব ডাঃ আজম খান নোমান, পরিচালক

জনাব ডাঃ আজম খান নোমান ১৯৭৭ সালের ১লা ডিসেম্বর কুমিল্লা শহরের দক্ষিন ঠাকুর পাড়ায় জন্মগ্রহণ করেন। তাঁর পিতা এ্যাডভোকেট আফজাল খান এবং মাতা নার্গিস সুলতানা । তাঁর স্ত্রী ডাঃ শায়লা আলম পেশায় একজন চিকিৎসক। ডাঃ আজম খাঁন ২০০৫ সালে এমবিবিএস ডিগ্রী অর্জনের পর বর্তমানে চিকিৎসা পেশায় নিয়োজিত। তিনি কুমিল্লা জেলা মুক্তিযোদ্ধা বহুমুখী সমবায় সমিতি লিঃ এর সদস্য। তিনি কুমিল্লা শেখ ফজিলাতুন্নেছা কারিগরী কলেজ পরিচালনা কমিটির সভাপতি এবং কুমিল্লা হতে প্রকাশিত দৈনিক ময়নামতি এর ভারপ্রাপ্ত সম্পাদক। তাঁর পিতা সমবায় নেতা ও প্রবীণ রাজনীতিবিদ এ্যাডভোকেট আফজাল খান কুমিল্লা জেলা

আওয়ামী লীগ এর সাবেক সভাপতি ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ ব্যবস্থাপনা কমিটির সাবেক চেয়ারম্যান।

মিসেস সালমা বিনতে ইসলাম, পরিচালক

মিসেস সালমা বিনতে ইসলাম ১৯৬৮ সালে ২১শে ফেব্রুয়ারী বরিশালে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা বীর-মুক্তিযোদ্ধা মরহুম নজরুল ইসলাম একজন এ্যাডভোকেট এবং মাতা মরহুম বেগম হাসিনা নজরুল, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর পরিচালক ছিলেন। তাঁর স্বামী মোস্তফা কামাল পেশায় একজন ব্যবসায়ী। তিনি এক পুত্র সন্তানের জননী। তিনি বরিশাল সরকারী কলেজ থেকে স্নাতক ডিগ্রী লাভ করেন। তিনি ২০০৫ সাল থেকে সমবায় কর্মকান্ডের সাথে যুক্ত হন। তিনি বরিশাল সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক এর সদস্য ও তালতলী কৃষি সমবায় সমিতির সদস্য। পরিচালক, ছায়ানীড় কল্যান সংস্থা। মহিলা সম্পাদক, সুত্রাপুর থানা আওয়ামীলীগ।

জনাব মোঃ আফজাল হোসেন, পরিচালক

জনাব মোঃ আফজাল হোসেন সরকার কর্তৃক মনোনীত সদস্য,ব্যবস্থাপনা কমিটি, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ ও অতিরিক্ত-সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। তিনি ১৯৬৩ সালের ২০ মে মানিকগঞ্জ জেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মরহুম ছাইনদ্দিন আহমেদ সরদার এবং মাতার নাম কুলছুম আরা বেগম। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে হিসাববিজ্ঞান বিভাগে অনার্স ও মাষ্টার্স এবং একই বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ ডিগ্রী লাভ করেন। তিনি ৯ম বিসিএসে কর ক্যাডারে যোগদান করেন। তিনি ২০০৯ সালে উপসচিব হিসেবে পদোন্নতি প্রাপ্ত হয়ে অর্থ মন্ত্রণালয়ে যোগদান করেন। তিনি ২০১৫ সালে যুগ্মসচিব পদে এবং ২০১৭ সালে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন। বর্তমানে তিনি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে অতিরিক্ত সচিব হিসেবে প্রতিষ্ঠান উইং এর দায়িত্বে নিয়োজিত আছেন।

জনাব মোঃ আহসান কবীর, পরিচালক

জনাব মোঃ আহসান কবীর, সরকার কর্তৃক মনোনীত সদস্য, ব্যবস্থাপনা কমিটি, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ ও অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর, ঢাকা। তিনি ১৯৯৫ সালে ১৫তম

বিসিএস-এ (সমবায় ক্যাডার), সহকারী নিবন্ধক হিসেবে সমবায় অধিদপ্তরে যোগদান করেন। চাকুরী জীবনে তিনি সমবায় অধিদপ্তরে বিভিন্ন পর্যায়ে গুরত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি সমবায় অধিদপ্তরের অতিরিক্ত নিবন্ধক হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ১৯৬৬ সালে ৩০শে অক্টোবর কুষ্টিয়া জেলার ভেড়ামারা

উপজেলার বাহাদুরপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মরহুম মহসীন আলী এবং মাতার নাম হামিদা বানু।

জনাব আবু নাঈম পাটওয়ারী দুলাল, পরিচালক

জনাব আবু নাঈম পাটওয়ারী দুলাল সরকার কর্তৃক মনোনীত সদস্য, ব্যবস্থাপনা কমিটি, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ। তিনি চাঁদপুর জেলার সদর উপজেলাধীন তালতলাস্থ করিম পাটওয়ারী বাড়ির এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম আব্দুল করিম পাটওয়ারী প্রাক্তন (এম.সি.এ) ও বাংলাদেশের সংবিধান স্বাক্ষরকারী একজন সম্মানিত সদস্য ছিলেন। তিনি বর্তমানে চাঁদপুর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক লিঃ এর সভাপতি এবং চাঁদপুর জেলা মুক্তিযোদ্ধা সমবায় সমিতি ও বিষ্ণুদী আদর্শ সমবায় সমিতি লিঃ এর সভাপতি। এছাড়া তিনি চাঁদপুর জেলা সমবায় ইউনিয়ন-এর প্রাক্তন সভাপতি ছিলেন। তিনি মহান স্বাধীনতা যুদ্ধে সক্রীয়ভাবে অংশগ্রহণকারী একজন বীর মুক্তিযোদ্ধা। তিনি একজন বিশিষ্ট রাজনীতিবিদ, সমাজসেবক ও শিক্ষানুরাগী হিসাবে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক জাতীয় পুরস্কার প্রাপ্ত হন। তিনি সমবায়ে অবদানের জন্য শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে এবং শিক্ষা ও সমাজ সেবায় বিশেষ অবদানের জন্য প্রধানমন্ত্রী কর্তৃক স্বর্ণ পদক লাভ করেন। বর্তমানে তিনি চাঁদপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পদে আছেন। তিনি আঞ্জুমানে খাদেমুল ইনসান এর কর্ণধার ও সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করিতেছেন। এছাড়া তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার দায়িত্ব পালন করিতেছেন। তিনি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত একজন সম্মানিত সদস্য। তাছাড়া চাঁদপুর প্রেস ক্লাব, চাঁদপুর ডায়াবেটিক সমিতির আজীবন পরিচালক সদস্য, জেলা আইন সহায়তা কমিটির সদস্য, জেলা খাসজমি বন্দোবস্ত কমিটির সদস্য, জেলা বেসরকারী কারা পরিদর্শকসহ বহু প্রতিষ্ঠানে জড়িত আছেন।

জনাব মোঃ সুলতান মাসুদ আহমেদ, পরিচালক

জনাব মোঃ সুলতান মাসুদ আহমেদ সরকার কর্তৃক মনোনীত সদস্য। তিনি ১৯৬২ সনের ২০ জুন ব্রাহ্মণবাড়ীয়া জেলার কসবা উপজেলার গৌরাঙ্গুলী গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মৃত কাজী মহিউদ্দীন, মাতা- মৃত নূরজাহান বেগম। তিনি ১৯৮৬ সনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞানে অনার্সসহ মাষ্টার্স ডিগ্রী অর্জন করেন। তিনি ২৭ মার্চ ১৯৮৯ সালে বাংলাদেশ ব্যাংকে সহকারী পরিচালক হিসাবে যোগদান করেন। বর্তমানে তিনি বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট বিভাগে মহাব্যবস্থাপক পদে কর্মরত আছেন।

ব্যাংকের ক্রমবিকাশ

ক্রঃ নং	জন্ম ইতিহাস	সাল
০১.	পাক ভারত উপমহাদেশে সমবায় পদ্ধতিতে কৃষি ঋণ বিতরণ কার্যক্রম শুরু	১৯০৪ খ্রিঃ
০২.	কেন্দ্রীয় সমবায় ব্যাংক সমূহের প্রতিষ্ঠা	১৯১২ খ্রিঃ
০৩.	বেঙ্গল প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাংক প্রতিষ্ঠা	১৯২২ খ্রিঃ
০৪.	ইস্ট পাকিস্তান প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাংক প্রতিষ্ঠা	১৯৪৮ খ্রিঃ
০৫.	বাংলাদেশ জাতীয় সমবায় ব্যাংক লিঃ নামকরণ	১৯৭২ খ্রিঃ
০৬.	বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ নামকরণ	১৯৭৮ খ্রিঃ

প্রতিষ্ঠানের নাম		বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ
আইনগত সত্বাঃ		১৯৪৮ সালে ইস্ট পাকিস্তান প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাংক লিঃ ১৯৪০ সালের বঙ্গীয় সমবায় আইন অনুযায়ী গঠিত হলেও বর্তমানে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ নামে সমবায় সমিতি আইন ২০০১ এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ অনুযায়ী পরিচালিত। বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন সমবায় অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন সমবায়ী প্রতিষ্ঠান হলেও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং ক্লিয়ারিং হাউজের সদস্য হিসেবে বাংলাদেশ ব্যাংকের তত্বাবধানে নিবিড়ভাবে কাজ করে থাকে।
প্রতিষ্ঠাকালঃ		৩১ র্মাচ ১৯৪৮খ্রিঃ
কার্যক্রম শুরুর তারিখ		০১ এপ্রিল ১৯৪৮খ্রিঃ
অনুমোদিত মূলধনঃ		১০০,০০,০০,০০০.০০ (একশত কোটি) টাকা
পরিশোধিত মূলধনঃ		৭,১৪,৬৭,৩৫৯.০০ টাকা
শেয়ারের মালিকানাঃ		সরকার ১৯.২৯%, সমবায়ী প্রতিষ্ঠান ৮০.৭১%।
পরিসম্পদঃ		৪৬৫,৬৯,৭০,৮৮৫.৩৩ টাকা
প্রতি শেয়ারের মূল্য (Face value)		১০০০ (এক হাজার) টাকা।
কার্যক্রমের ধরণঃ		সমবায় সমিতিসমূহকে কৃষি ঋণ, প্রকল্প ঋণ, সরকারি/আধাসরকারি চাকুরীজীবিদের কনজুমার্স ঋণ, সরকারী কর্মকর্তা/কর্মচারীদের পার্সোনাল ঋণ, ব্যক্তি পর্যায়ে স্বর্ণ বন্ধকী ঋণ প্রদানসহ সকল পর্যায়ে সাধারণ ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা।
চেয়ারম্যানঃ		জনাব মহিউদ্দিন আহমেদ
ভাইস চেয়ারম্যানঃ		জনাব চৌধুরী মোঃ আফজাল হোসেন নিছার
মহব্যবস্থাপকঃ (প্রধান নির্বাহী কর্মকর্তা)		জনাব মোঃ মোমিনুল হক তালুকদার
প্রধান কার্যালয়ঃ		৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
আন্তর্জাতিক সংস্থাঃ		২০১৫ সালে আন্তর্জাতিক সমবায় সংস্থা ইন্টারন্যাশানাল কো-অপারেটিভ এ্যালায়েন্স (ICA) এর সদস্য পদ লাভ করে।
অডিটর (২০১৭-২০১৮ অর্থবছর)		জনাব মোহাম্মদ হাফিজুল হায়দার চৌধুরী, উপ-নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা।

আয়কর উপদেষ্টাঃ		জনাব এ.কে.গোলাম কিবরিয়া (এ্যাডভোকেট)
আইন উপদেষ্টাঃ		জনাব এডভোকেট হাসনাত কাইয়ুম

সদস্য প্রতিষ্ঠানের সংখ্যাঃ		৪৭৮টি
কর্মকর্তা-কর্মচারীর সংখ্যাঃ		২৩৮ জন (৩০/০৬/২০১৯পর্যন্ত)।
টেলিফোন নম্বরঃ		৮৮-০২-৯৫৬৪৬২৮, ৯৫৫৭৮০০, ফ্যাক্স-৯৫৫৮১১৭
ওয়েব সাইটঃ		www.bsbl.org. bd
ই-মেইলঃ		bdbsbl_bank@yahoo.com bsblrdcd@gmail.com

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ- এর দর্শন

দারিদ্রমুক্ত সমৃদ্ধ বাংলাদেশ গঠন করা।

ছবি হবে

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ- এর উদ্দেশ্যাবলী

৪.১ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর উদ্দেশ্যাবলীঃ-

(ক) বাংলাদেশের সমবায় সমিতিসমূহ ও সমবায় সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান সমূহের শীর্ষ স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান হিসাবে কাজ

করা।

(খ) বিজ্ঞান সম্মত ব্যবসায়িক নীতিমালা অনুযায়ী সমবায় সমিতি সমূহের উন্নয়ন এবং সমৃদ্ধিতে উৎসাহিত করা।

(গ) ঋণ গ্রহিতা কেন্দ্রীয় সমিতি ও অন্যান্য সমবায় সমিতি সমূহের আর্থিক বিষয়ে নিয়ন্ত্রন এবং সমন্বয় সাধন করা।

(ঘ) প্রাথমিক সমবায় সমিতি সমূহের সদস্যদের উৎপাদিত পন্যের বাজারজাতকরণের জন্য সেই সমস্ত সমিতিকে অথবা তাহাদের ফেডারেশনের মাধ্যমে গুদাম অথবা ওয়ার হাউজ, কোল্ড ষ্টোরেজ নির্মাণ এবং উৎপাদিত পন্য মজুত রাখা ও বিক্রির ব্যাপারে ঋণ সহায়তা প্রদান করা।

(ঙ) সমগ্র বাংলাদেশের সমবায় প্রতিষ্ঠান/ব্যক্তির আর্থিক প্রয়োজন মিটানোর জন্য পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন করা।

(চ) সকল উপায়ে সদস্য সমিতি সমূহের স্বার্থ বৃদ্ধির জন্য উপদেশ, সহায়তা ও সমন্বয় সাধন করা।

(ছ) সমবায় সমিতি আইন ও বিধিমালা এবং এই সকল উপ- আইন মোতাবেক সমবায় সমিতিসমূহ এবং অন্যান্যদের সাথে ব্যাংকিং ব্যবসা করা।

৪.২ আইন ও বিধিমালা এবং এই সকল উপ- আইনের বিধি নিষেধ অনুযায়ী উপরোক্ত উদ্দেশ্য সমূহ সাধনের জন্য ব্যাংক স্বাধীনভাবে নিম্নোক্ত কাজে নিয়োজিত থাকিবেঃ-

(ক) সুদসহ বা সুদ ব্যতিরেকে আমানত গ্রহণ বা অর্থ প্রদান, চেক, ড্রাফট, পেমেন্ট অর্ডার ইস্যু, প্রত্যাহারকরণ, শর্ত সাপেক্ষে আমানত বা অন্যভাবে অর্থ গ্রহণ।

(খ) ব্যাংকের ব্যবসার উদ্দেশ্যে উহার সম্পদ বন্ধক রাখিয়া ঋণ গ্রহণ।

(গ) বন্ড ও ডিবেঞ্চার ইস্যুকরণ, সঞ্চয়পত্র, বন্ড, ডিবেঞ্চার, স্বর্ণালংকার বা স্বর্ণপিন্ড জামানত রাখিয়া ঋণ প্রদান, যেকোন কনজুমার্স ক্রেডিট পরিচালনা করা।

(ঘ) ব্যাংক প্রদত্ত ঋণ এবং অগ্রিমের জামানত হিসাবে স্থাবর ও অস্থাবর সম্পত্তির প্লেজ (Pledge), বন্ধক, হাইপোথিকেশন (Hypothecation) বা স্বত্বনিয়োগ (Assignment) গ্রহণ করা।

(ঙ) উপযুক্ত জামানতের ভিত্তিতে ঋণ, কৃষি ঋণ, শষ্য ঋণ, শিল্প ঋণ ও অন্যান্য ঋণ এবং জামানত বিহীন ক্ষুদ্র ঋণ প্রদান করা।

(চ) বিভিন্ন প্রকার ক্রেডিট কার্ড, রেডিক্যাশ কার্ড ইত্যাদি ইস্যু ও বাজারজাত করণ।

(ছ) হাউজিং/রিয়্যাল এষ্টেট ব্যবসা করা ও উহার বিপরীতে অর্থায়ন করা।

(জ) ঋণ গ্রহণ, অর্থ গ্রহণ, যথাযথ জামানতের ভিত্তিতে ঋণ ও অগ্রিম দেওয়া, বিনিময় বিল, হুন্ডি, প্রতিশ্রুতিপত্র, ডিবেঞ্চার, কুপন, ড্রাফট, বহনপত্র, রেলওয়ে রশিদ, ওয়ারেন্ট সার্টিফিকেট, হস্তান্তর বা বিনিময়যোগ্য হউক বা না হউক এমন অন্যান্য দলিল, সম্পত্তি গ্রহণ করা, বিতরণ করা, ক্রয় করা, বিক্রয় করা ও সংগ্রহ করা এবং লেটার অব ক্রেডিট, ট্রাভেলার্স চেক, সার্কুলার নোট, বিদেশী ব্যাংক নোটসহ বৈদেশিক মুদ্রা অনুমোদন, ইস্যু, ক্রয় ও বিক্রয় এবং বৈদেশিক বাণিজ্য পরিচালনা করা।

(ঝ) শেয়ার, ডিবেঞ্চার, ডিবেঞ্চার ষ্টক, বন্ড, দায় সম্পত্তি নিদর্শনপত্র ও অন্যান্য দলিল গ্রহণ, ধারন, কমিশন ভিত্তিতে প্রেরণ এবং উহাদের দায় গ্রহণ ও লেনদেন এবং বন্ড, শেয়ার স্ক্রিপ্ট ও অন্যান্য সম্পত্তি নিদর্শনপত্র ক্রয় ও বিক্রয় করা।

(ঞ) ঋণ ও অগ্রিমের বন্দোবস্ত করা, সর্বপ্রকার বন্ড, স্ক্রিপ্ট ও মূল্যবান সামগ্রীর আমানত গ্রহণ বা উহাদিগকে নিরাপদ হেফাজত বা অন্যভাবে রাখিবার জন্য গ্রহণ।

(ট) সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের প্রতিনিধি হিসাবে কাজ করা।

(ঠ) সর্ব প্রকার গ্যারান্টি ও ইনডেমনিটি ব্যবসা পরিচালনা করা।

(ড) ক্রয়, ইজারা, বদলা, ভাড়া বা অন্য কোনভাবে স্থাবর বা অস্থাবর সম্পত্তি অর্জন করা।

(ঢ) ট্রাষ্ট সম্পাদন এবং দায় পরিগ্রহণ করা এবং সম্পত্তির ব্যবস্থাপনার ট্রাষ্টি অথবা নির্বাহক হওয়া ।

(ণ) কোন ব্যবসা বা ব্যাংকিং প্রতিষ্ঠানের শেয়ার গ্রহণ ও ধারন করা।

(ত) ব্যাংকের তহবিল দ্বারা কোন ব্যবসা বা ব্যাংকিং প্রতিষ্ঠানের শেয়ার গ্রহণ বা ধারন করা।

(থ) যে কোন সমবায় সমিতির ডিবেঞ্চার এবং ডিবেঞ্চার ষ্টক ইস্যু ও ব্যবস্থাপনায় অংশ নিতে উদ্যোগী হওয়া, চালু করা, বীমা করা, নিশ্চয়তা দেওয়া, অবিক্রিতগুলি ক্রয় করিতে অঙ্গীকার করা এবং এতদউদ্দেশ্যে টাকা ধার দেওয়া।

(দ) ব্যাংকের আয়ত্বাধীন যে কোন সিকিউরিটির টাকা আদায়ের সহায়তার জন্য অথবা ইহার সম্ভাব্য ক্ষতি অথবা দায় রোধ অথবা কমানোর জন্য ব্যাংক উপযুক্ত মনে করিলে অথবা আয়ত্ব করিতে সহজতর হইলে যে কোন স্থাবর, অস্থাবর সম্পত্তি ক্রয়ের মাধ্যমে আয়ত্ব, ইজারা, ভাড়া করিতে পারিবে এবং সম্পূর্ণ অথবা আংশিক দায় মিটানোর জন্য ব্যাংকের আয়ত্বাধীন ঐ সমস্ত সম্পত্তি ব্যবস্থাপনা, বিক্রয় এবং আদায় করিতে পারিবে।

(ধ) ব্যাংকের উদ্দেশ্য সাধনের সুবিধার্থে এবং প্রয়োজনে ভবন/মার্কেট আয়ত্ব করা, নির্মাণ করা, সংরক্ষণ ও পরিবর্তন এবং

পরিবর্ধন করা।

(ন) যে কোন সমবায় সমিতির এজেন্ট হিসাবে কাজ করা।

(প) ব্যাংকের ব্যবসায়ের উন্নয়ন ও অগ্রগতি সাধনের জন্য আনুসাঙ্গিক ও সহায়ক অন্যান্য সকল বিষয় সম্পাদন।

সমবায় সমিতি আইন, বিধিমালা এবং উপ- আইনের বিধান অনুযায়ী

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ -এর কার্যাবলীঃ

- সুদসহ বা সুদ ব্যতিরেকে আমানত গ্রহণ, চেক, ড্রাফট, পেমেন্ট অর্ডার ইস্যু;
- বন্ড ও ডিবেঞ্চার ইস্যু, সঞ্চয়পত্র, বন্ড, ডিবেঞ্চার, স্বর্ণালংকার বা স্বর্ণপিন্ড জামানত রেখে ঋণ প্রদান, যেকোন কনজিউমার ক্রেডিট পরিচালনা;
- ব্যাংক প্রদত্ত ঋণ এবং অগ্রীমের বিপরীতে জামানত হিসেবে স্থাবর ও অস্থাবর সম্পত্তির পেজ (Pledge), বন্ধক, হাইপোথিকেশন (Hypothecation) বা স্বত্বনিয়োগ (Assignment) গ্রহণ;
- উপযুক্ত জামানতের ভিত্তিতে ঋণ, কৃষি ঋণ, শষ্য ঋণ, শিল্প ঋণ ও অন্যান্য ঋণ এবং জামানত বিহীন ক্ষুদ্র ঋণ প্রদান;
- বিভিন্ন প্রকার ক্রেডিট কার্ড, রেডিক্যাশ কার্ড ইত্যাদি ইস্যু ও বাজারজাতকরণ;
- হাউজিং/রিয়্যাল এষ্টেট ব্যবসা করা ও উহার বিপরীতে অর্থায়ন
- ঋণ গ্রহণ, অর্থ গ্রহণ, যথাযথ জামানতের ভিত্তিতে ঋণ ও অগ্রিম প্রদান, বিনিময় বিল, হুন্ডি, প্রতিশ্রুতিপত্র, ডিবেঞ্চার, কুপন, ড্রাফট, বহনপত্র, রেলওয়ে রশিদ, ওয়ারেন্ট সার্টিফিকেট, হস্তান্তর বা বিনিময়যোগ্য হউক বা না হউক এমন অন্যান্য দলিল, সম্পত্তি গ্রহণ, বিতরণ, ক্রয়, বিক্রয় ও সংগ্রহ এবং লেটার অব ক্রেডিট, ট্রাভেলার্স চেক, সার্কুলার নোট, বিদেশী ব্যাংক নোটসহ বৈদেশিক মুদ্রা, ইস্যু, ক্রয় ও বিক্রয় এবং বৈদেশিক বাণিজ্য পরিচালনা;
- শেয়ার, ডিবেঞ্চার ষ্টক, বন্ড, দায় সম্পত্তি নিদর্শনপত্র ও অন্যান্য দলিল গ্রহণ, ধারণ, কমিশন ভিত্তিতে প্রেরণ এবং উহাদের দায় গ্রহণ ও লেনদেন;
- ঋণ ও অগ্রিমের বন্দোবস্ত করা, সর্বপ্রকার বন্ড, স্ক্রিপ্ট ও মূল্যবান সামগ্রীর আমানত গ্রহণ বা উহাদিগকে নিরাপদ হেফাজত বা অন্যভাবে জমা রাখার জন্য গ্রহণ;
- সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের প্রতিনিধি হিসেবে কাজ;

- সর্ব প্রকার গ্যারান্টি ও ইনডেমনিটি ব্যবসা পরিচালনা;
- ক্রয়, ইজারা, বদলা, ভাড়া বা অন্য কোনভাবে স্থাবর বা অস্থাবর সম্পত্তি অর্জন;
- ট্রাষ্ট সম্পাদন এবং দায় পরিগ্রহণ এবং সম্পত্তির ব্যবস্থাপনার ট্রাষ্টি অথবা নির্বাহক হওয়া;
- যে কোন ব্যবসা প্রতিষ্ঠানসহ কোন ব্যাংকিং বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠানের শেয়ার গ্রহণ ও ধারণ;
- যে কোন সমবায় সমিতির ডিবেঞ্চার এবং ডিবেঞ্চার ষ্টক ইস্যু ও ব্যবস্থাপনায় অংশ নিতে উদ্যোগী হওয়া, চালু করা, বীমা করা, নিশ্চয়তা দেওয়া, অবিক্রিতগুলি ক্রয় করতে অঙ্গীকার করা এবং এতদ্‌উদ্দেশ্যে টাকা ধার দেওয়া;
- ব্যাংকের আয়ত্বাধীন যে কোন সিকিউরিটির টাকা আদায়ের সহায়তার জন্য অথবা ইহার সম্ভাব্য ক্ষতি অথবা দায় রোধ অথবা কমানোর জন্য ব্যাংক উপযুক্ত মনে করলে অথবা আয়ত্ব করতে সহজতর হলে যে কোন স্থাবর, অস্থাবর সম্পত্তি ক্রয়ের মাধ্যমে আয়ত্ব, ইজারা, ভাড়া এবং সম্পূর্ণ অথবা আংশিক দায় মিটানোর জন্য ব্যাংকের আয়ত্বাধীন সম্পত্তি ব্যবস্থাপনা, বিক্রয় এবং বকেয়া অর্থ আদায় করতে পারবে;
- ব্যাংকের উদ্দেশ্য সাধনের প্রয়োজনে ভবন/মার্কেট, নির্মাণ, সংস্কার, পরিবর্ধন বা উন্নয়ন;
- যে কোন সমবায় সমিতির এজেন্ট হিসেবে কাজ করা; এবং
- ব্যাংকের ব্যবসায়িক উন্নয়নের জন্য আনুষাঙ্গিক ও সহায়ক অন্যান্য সকল বিষয় সম্পাদন;
- সমবায় সমিতি আইনে যথাযথ প্রয়োগের মাধ্যমে নিবন্ধিত সমবায় সমিতিগুলোকে ঋণ প্রদান করা।
- ব্যক্তি পর্যায়ে ঋণ প্রদান।
- সমবায় সদস্যদের মধ্য হতে ভবিষ্যতে উন্নয়নের সম্ভাবনাপূর্ণ উদ্যোক্তা সৃষ্টি করা।
- আত্ম কর্মসংস্থানের নিমিত্তে সমবায়ী সদস্যদের ঋণ প্রদান করা ।
- মহিলাদের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সম্পদের ভিত্তিতে উদ্যোক্তা সৃষ্টি আত্মকর্মসংস্থানের ক্ষমতায়নের নিমিত্তে ঋণ সরবরাহ করা ।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ- এর কৌশলগত উদ্দেশ্যাবলী

- সমবায় ভিত্তিক পরিচালিত অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে শীর্ষ আর্থিক প্রতিষ্ঠান হিসেবে কাজ করা।
- সমবায় ভিত্তিক আর্থসামাজিক কর্মকান্ড পরিচালনায় বিশেষায়িত ব্যাংক হিসেবে দায়িত্ব পালন করা।
- সমবায় সমিতি আইন ও বিধিমালা এবং ব্যাংকের উপ-আইন মোতাবেক এর সদস্য সমূহ ও সমবায় সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহের সাথে সকল প্রকার ব্যাংকিং ও বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ- এর লক্ষ্যসমূহ

- সমবায় সেক্টরে কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে এ সেক্টরের শীর্ষ অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠান হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করা;
- সমবায়ের মাধ্যমে সংগঠিত যে কোন সময়োপযোগী কাজে সাড়া দেয়া;
- সমবায়ীদের নিকট বিশ্বস্ত প্রতিষ্ঠান হিসেবে মর্যাদা লাভ করা;
- প্রযুক্তি নির্ভর আধুনিক গ্রাম গড়ে তোলা;
- গ্রামে কর্মসংস্থান সৃষ্টি করার মাধ্যমে মানুষের আয় বাড়িয়ে হতদরিদ্র মানুষের সংখ্যা কমিয়ে আনা এবং গ্রামের মানুষের শহরমুখী হওয়া কমানো;

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ- এর অঙ্গীকার

- দেশ ও জাতির প্রতি;
- সদস্যের প্রতি;
- গ্রাহকের প্রতি;
- কর্মকর্তা-কর্মচারীদের প্রতি;
- সামাজিক দায়িত্ববোধের প্রতি;

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ- এর সেবাসমূহ

ব্যাংকিং সেবাসমূহ

- **স্থায়ী হিসাব;**
- **সঞ্চয়ী হিসাব;**
- **চলতি হিসাব;**
- **ডিডি/পে-অর্ডার সুবিধা;**
- MICR **ইন্সট্রুমেন্ট (চেক, ডিডি, পে-অর্ডার) ইস্যু;**
- **অটোমেটেড ক্লিয়ারিং হাউজ-এর সুবিধা।**

চলতি হিসাব

ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাধারণ লেনদেনের সুবিধার্থে চলতি আমানত হিসাব খোলাসহ ব্যাংকিং কার্য সময়ে যতবার ইচ্ছা টাকা জমা দেয়া এবং তোলার সুবিধা।

মুনাফাঃ চলতি আমানত হিসাব জমার উপর বাংলাদেশ সমবায় ব্যাংকের নিয়মানুযায়ী কোন প্রকার মুনাফা প্রদান করা হয়না ।

সরকারি, আধা-সরকারি অথবা দাতব্য সংস্থার নামে পরিচালিত প্রাতিষ্ঠানিক হিসাব হতে কোন চার্জ আদায় করা হয় না।

সঞ্চয়ী হিসাব

ব্যক্তি/প্রতিষ্ঠানের সঞ্চিত টাকা লেনদেনের সুবিধার্থে সঞ্চয়ী হিসাব খোলার সুবিধা পাওয়া যায়।
মুনাফাঃ সঞ্চয়ী হিসাবে জমা টাকার উপর প্রতিযোগীতামূলক হারে মুনাফা প্রদান করা হয়।

স্থায়ী আমানত হিসাব

বিভিন্ন মেয়াদে আকর্ষনীয় বিভিন্ন প্রকল্পে স্থায়ী আমানত জমা রাখার সুবিধা ।
মুনাফাঃ স্থায়ী আমানত হিসাবে জমা টাকার উপর প্রতিযোগীতামূলক হারে মুনাফা প্রদান করা হয়।

ডিপিএস: বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর ব্যবসা সম্প্রসারণ লক্ষ্যে ডিপিএস (ডিপোজিট পেনশন স্কীম) চালু করেছে।

MICR ইন্সস্ট্রুমেন্টঃ গ্রাহকগণের সুবিধার্থে নিরাপদভাবে লেনদেনের জন্য MICR (Magnetic Ink Character Recognition) Code আধুনিক সম্বলিত চেক/পে- অর্ডার ইস্যু করা হয়।
অটোমেটেড ক্লিয়ারিং হাউজঃ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ বাংলাদেশ ব্যাংকের ক্লিয়ারিং হাউজের সদস্য পদ লাভ করে ১৯৬৬ খ্রিষ্টাব্দে। বাংলাদেশ ব্যাংক লিঃ এর মাধ্যমে আমানতকারীগণ যাতে সারাদেশের বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে স্বল্প সময়ে ও নিরাপদ লেনদেন করতে পারে সেজন্য বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে BACH এর আওতায় BACPS ও BEFTN এর সুবিধা প্রদান করা হচ্ছে।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ- এর বিনিয়োগ/ ঋণ সেবাসমূহ

স্বল্প মেয়াদী ঋণঃ ফসল/শস্য ঋণ

- আউশ, আমন, বোরো ঋণ;
- গম/আলু , রবি শস্য/শীতকালীন শাক-সবজি ঋণ;
- ভূট্টা/পাট/গ্রীষ্মকালীন শাক-সবজি ঋণ;
- ইক্ষু ঋণ;
- মধ্যম মেয়াদী ঋণ;
- গভীর নলকূপ ঋণ;
- অগভীর নলকূপ ঋণ;
- হস্তচালিত নলকূপ/রোয়ার পাম্প/ট্রেডল পাম্প ঋণ।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ- এর ব্যাংকিং সেবাসমূহ

পশুপালন ও মৎস্য চাষ ঋণঃ

- হালের গরু/মহিষ ক্রয় ঋণ;
- মৎস্য চাষ ঋণ;

- গরু মোটাতাজাকরণ ঋণ;
- গাভীপালন /দুগ্ধ খামার ঋণ;
- ছাগল/ভেড়া খামার ঋণ;
- হাঁস মুরগি খামার ঋণ।

দীর্ঘমেয়াদী ঋণঃ

- কৃষি ভূমির উন্নয়ন ঋণ;
- সেচ/ কৃষি যন্ত্রপাতি ক্রয় ঋণ;
- হালের গরু/মহিষ ক্রয় ঋণ;
- সৌর বিদ্যুৎ চালিত সেচ ঋণ;

অকৃষি ঋণঃ

- ক্ষুদ্র ঋণ, মহিলা ও যুব কর্মসংস্থান ঋণ;
- সমবায় সমিতি অবকাঠামো উন্নয়ন ঋণ;
- সমবায় গৃহায়ণ ঋণ;
- প্রকল্প ঋণ;
- স্বর্ণ আমানত ঋণ;
- ক্যাশ ক্রেডিট;
- পল্লী প্রকল্প ঋণ;
- কনজুমার্স ঋণ (সরকারি ও আধাসরকারি চাকুরীজীবিদের জন্য)
- পার্সোনাল ঋণ (শুধুমাত্র সরকারি চাকুরীজীবিদের জন্য

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ঋণ সেবাসমূহ

স্বাধীনতার পর কৃষি সেক্টরে অন্যান্য অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠানের কার্যক্রম বিস্তৃত হলেও বাংলাদেশ সমবায় ব্যাংক কৃষি ও অন্যান্য ক্ষুদ্র ঋণ সরবরাহের ক্ষেত্রে স্বাধীনতাপূর্বকালীন দেশের প্রথম ও একমাত্র ব্যাংক হিসেবে কৃষি সেক্টরে ঋণ সরবরাহ অব্যাহত রেখে আজও নিজস্ব ঐতিহ্য ধরে রেখেছে। উল্লেখযোগ্য ঋণ খাতসমূহঃ

কৃষি ঋণঃ

সমবায়ী চাষীদের চাহিদা অনুযায়ী আউশ, আমন, বোরো, শস্য, শীতকালীন শাক-সবজী উৎপাদন, মৎস্য চাষ, গবাদি পশু পালন, খামার ব্যবস্থাপনা ও কৃষি ভূমি উন্নয়ন এবং হালের বলদ, বীজ, সার, কীটনাশক, সেচযন্ত্র, ট্রাক্টরসহ বিভিন্ন ধরনের কৃষি উপকরণ ক্রয়ের জন্য

<u>প্রকল্প ঋণ কার্যক্রমঃ</u> সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত, ২০০২), (সংশোধিত, ২০১৩) এর ২৬ ধারা অনুযায়ী ব্যাংকের আয় বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান তিনস্তর বিশিষ্ট ঋণ দাদন পদ্ধতির আমূল পরিবর্তন করে সদস্য এবং সদস্য বহির্ভূত সমবায় সমিতির সদস্যগণকে সরাসরি বিভিন্ন প্রকল্পে (১৫% সরল মুনাফায়) প্রকল্প ঋণ বিতরণ করে থাকে। তাছাড়া পল্লীর সুবিধা বঞ্চিত ও হত দরিদ্র মহিলাদের বিশেষ সুবিধায় (১০% সরল মুনাফায়) ঋণ প্রদান করে তাদের স্বাবলম্বী হতে সহায়তা করা।

<u>বিভাগওয়ারী প্রকল্প ঋণ দাদন ও আদায়ের সারসংক্ষেপঃ</u>

জুন/২০১৯ ইং পর্যন্ত

(লক্ষ টাকার অংকে)

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ দাদনের পরিমাণ	সমিতির সংখ্যা	সদস্য সংখ্যা	আদায়যোগ্য		আদায়		বকেয়া		আদায়ের হার
					আসল	মুনাফা	আসল	মুনাফা	আসল	মুনাফা	
১	ঢাকা	৪৬৭.৭০	৩২	১২৮৩	৪৩৭.৭১	৮৫.৫৭	২০৮.১৫	৩০.০৯	২২৯.৫৬	৫৫.৪৮	**৪৮.০০%**
২	চট্টগ্রাম	৪৪.০০	০২	৮৮	৪৪.০০	১২.৪২	২৩.০১	৪.১৯	২০.৯৯	৮.২৩	**৫২.৩০%**
৩	রাজশাহী	৫১৯.০৫	২৫	১১০১	৪৬৭.৮৮	১৭৫.০০	২৪২.৪০	৫১.১৯	২২৫.৪৮	১২৩.৮১	**৪৫.৬৭%**
৪	খুলনা	১৪৮.৯০	১০	৩৬০	১৪৮.৯০	৬৯.০৪	৫২.৩০	২০.০২	৯৬.৬০	৪৯.০২	**৩৩.১৮%**
৫	বরিশাল	১৪.২৫	০২	৩৬	১৪.২৫	৫.৭০	৭.১৩	১.৮১	৭.১২	৩.৮৯	**৫০.০০%**
৬	রংপুর	২৩৬.৯০	১২	৫৩৬	২৩৬.৯০	৭৮.২২	১৪৩.৮৬	২৬.০৮	৯৩.০৪	৫২.১৪	**৬০.০০%**
৭	সিলেট	৩১.৪০	০৪	৭৮	৩১.৪০	১৩.৭৬	১৭.২০	৩.৩৮	১৪.২০	১০.৩৮	**৫৫.০০%**
৮	ময়মনসিংহ	১৭১.২০	১৪	৩৮৬	১৬৩.৪৮	৪১.৩২	১০৭.৮০	২৪.২২	৫৫.৬৮	১৭.১০	**৬৬.০০%**
	সর্বমোটঃ	**১৬৩৩.৪০**	**১০১**	**৩৮৬৮**	**১৫৪৪.৫২**	**৪৮১.০৩**	**৮০১.৮৫**	**১৬০.৯৮**	**৭৪২.৬৭**	**৩২০.০৫**	**৫২.০০%**

কনজুমার্স ঋণঃ

সীমিত আয়ের সরকারি/আধা-সরকারি পেশাজীবিদের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা এবং গৃহাস্থলী কর্মে ব্যবহার্য দ্রব্যাদি, ভোগ্যপণ্য ক্রয়ের সহায়তা প্রদান করার লক্ষ্য নিয়ে কনজুমার্স ঋণ চালু করা হয়েছে। এ ঋণের মুনাফার হার ১৫% (সরল মুনাফা)। ২০১৮-১৯ অর্থ বছরে কনজুমার্স ঋণ গ্রহীতার সংখ্যা ১০৬ জন এবং ঋণ দাদনের পরিমাণ ০৪ কোটি ২৫ লক্ষ ৫০ হাজার টাকা। এ পর্যন্ত কনজুমার্স ঋণ গ্রহীতার সংখ্যা ২৪৩৪ জন এবং ঋণ দাদনের পরিমান ৪৫ কোটি ৪২ লক্ষ ৩০ হাজার টাকা । ঋণ আদায়ের হার ৯২.৮৫ %।

পার্সোনাল লোনঃ

সরকারি প্রতিষ্ঠানের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের জীবন যাত্রার মান উন্নয়নে সহায়তা করার লক্ষ্যে (যেমনঃ গৃহসাজসজ্জা/মেরামত, চিকিৎসা, শিক্ষা, মটরযান ক্রয়, বিবাহ সংক্রান্ত) সহজ শর্তে পার্সোনাল ঋণ চালু করা হয়েছে। এ ঋণের মুনাফার হার ১৫% (সরল মুনাফা)। এ ঋণের ঋণ সীমা ৫০,০০০ (পঞ্চাশ) হাজার টাকা থেকে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা । ২০১৮-১৯ অর্থ বছরে পার্সোনাল ঋণ গ্রহীতার সংখ্যা ১১৭৫ জন এবং ঋণ দাদনের পরিমাণ ২৮ কোটি ৪১ লক্ষ টাকা। এ পর্যন্ত পার্সোনাল ঋণ গ্রহীতার সংখ্যা ৩৬৫৮ জন এবং ঋণ দাদনের পরিমাণ ৮৬ কোটি ১৫ লক্ষ ৫৫ হাজার টাকা। ঋণ আদায়ের হার ৯৪%।

স্বর্ণ বন্ধকী ঋণঃ

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ-এর কার্যক্রম সম্প্রসারণ, ঋণ কার্যক্রমে বিনিয়োগ বৃদ্ধি ও আয় বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের ক্যাশ কাউন্টারের মাধ্যমে সরাসরি সাধারণ গ্রাহকদের মধ্যে স্বর্ণ বন্ধকী ঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ২০১৮-১৯ অর্থ বছরে ঋণ দাদনের পরিমান ১৭ কোটি ২৩ লক্ষ ৫৫ হাজার টাকা। ৩০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত এ ঋণের স্থিতি ৪০,৯৮,৯০,৩০০.০০/- টাকা ও গ্রাহক সংখ্যা ৪৫০২ জন। ১% বীমা সহ এ ঋণের মুনাফার হার ১৮% (সরল সুদ)।

মহিলা ঋণঃ

দেশের মোট জনগোষ্ঠীর অর্ধেক নারী হলেও সমবায় সমিতিতে নারীর অন্তর্ভুক্তি মোট সমবায়ীর মাত্র ১৮ শতাংশ। এ সকল নারী কৃষিসহ প্রায় প্রতিটি উৎপাদন কর্মে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। নারী উদ্যোক্তাগণ অপেক্ষাকৃত দক্ষ, লেনদেনে অধিকতর সৎ ও নিষ্ঠাবান হওয়ায় বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হতে নারী সমবায়ীদের কর্মসংস্থানের জন্য আগ্রহী মহিলা সমবায় সমিতিতে বার্ষিক ১০% সরল মুনাফায় ঋণ বিতরণ করা হয়। ২০১৮-১৯ অর্থ বছরে ০১ টি মহিলা সমবায় সমিতিতে ৪০ জন মহিলা সদস্যের মাঝে ২০ লক্ষ

টাকা ঋণ দাদন করা হয়েছে। এ পর্যন্ত ২৯ টি মহিলা সমবায় সমিতির মাধ্যমে ৮৮৯ জন মহিলাকে ০৩ কোটি ৬৫ লক্ষ ৭০ হাজার টাকা ঋণ দাদন করা হয়।

বিনিময়

বিনিময়ে বিনিময়

বর্তমান সরকার সাধারণ জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে সর্বত্র ডিজিটালাইজেশনের যে উদ্যোগ গ্রহণ করেছে, তারই অংশ হিসেবে বাংলাদেশে বিদ্যমান তফসিলি ব্যাংকসমূহ Online লেনদেন কার্যক্রমসহ Mobile Banking, Agent Banking, Digital Financial Services ইত্যাদি কার্যক্রম চালু করেছে। বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ তারই ধারাবাহিকতায় ইতিমধ্যে Digital Financial Services (DFS) চালুকরণের উদ্যোগ গ্রহণ করেছে। সে লক্ষ্যে এই ব্যাংকের DFS সার্ভিসের নামকরণ করা হয়েছে **"বিনিময়"।"বিনিময়"** নামের লোগো ট্রেডমার্ক রেজিষ্ট্রেশনের জন্য প্যাটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর বরাবর আবেদন পত্র দাখিল করা হয়েছে। এ কার্যক্রম চালুকরণের জন্য যোগ্য প্রতিষ্ঠানের নিকট থেকে Request for Expression of Interest (EOI) আহবান ও গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশ সমবায় ব্যাংক প্রাথমিক পরিকল্পনা অনুযায়ী ৫০,০০০ (পঞ্চাশ হাজার) সমবায় সমিতির মাধ্যমে DFS কার্যক্রম বাস্তবায়ন করবে যা পর্যায়ক্রমে আরও সম্প্রসারণ করা হবে। ভবিষ্যতে সমবায় সমিতি, ব্যক্তি, সদস্য পর্যায়েও এ কার্যক্রম সম্প্রসারণ করা হবে।

এ কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব হলে সমবায় সমিতির সার্বিক কার্যক্রমে গতিশীলতা আসবে এবং সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

নির্বাহী

কর্মকর্তাবৃন্দ

মহাব্যবস্থাপক ও প্রধান

নির্বাহী কর্মকর্তা

জনাব মোঃ মোমিনুল হক তালুকদার

উপ-মহাব্যবস্থাপক

জনাব নার্গিস আক্তার
জনাব ঝর্ণা প্রভা দেবী (ভারপ্রাপ্ত)
জনাব মোঃ আবদুল আলীম (ভারপ্রাপ্ত)

সহকারী মহাব্যবস্থাপক

মোঃ আবুল বাসার হাওলাদার
মুহাম্মদ হাবিবুর রহমান
মোঃ আহসানুল গনি
মোঃ কামাল উদ্দিন
মোঃ সামসুল আলম
মোঃ কামরুজ্জামান
এস.এম.জাহাঙ্গীর হোসাইন
মোঃ আবু তালেব
মোঃ হেদায়েত কবীর
মোঃ জসিম উদ্দিন ভূঁইয়া
মোঃ আশফাকুজ্জামান
মোঃ আবদুর রাজ্জাক
মুহাম্মদ হাফিজুর রহমান
মোঃ হাবিবুর রহমান
পংকজ কুমার বিশ্বাস
মোঃ লতিফুল বারী
মোছাঃ মনিরা খাতুন

প্রিন্সিপ্যাল অফিসার		
মিসেস শিখা বড়ুয়া	কাজী মনোয়ার হোসেন	মোঃ গোলাম শাহারিয়ার
কাজী জসিম উদ্দিন	আখন্দ মোঃ এহতেশাম উল আরেফিন	শারমিন জাহান সাথী
লিয়াকত বিন ইমদাদ	আলীমুজ্জামান সাথী	আবদুল হান্নান
মোঃ মহিউদ্দিন	মোহাম্মদ জাবেদ মিয়া	নির্মল চন্দ্র নাথ
মোঃ আমিনুল ইসলাম রাজীব	শাহ্ খন্দকার মোমিনুল হক	মোহাম্মদ তারেক হাসান রানা

মোঃ আবুল কালাম আজাদ (মনির)	মোঃ মুশফিকুর রহমান	মোহাম্মদ নাজমুল হক
মোঃ আবদুর রহিম	মোঃ ফারুক হোসেন	মোঃ তরিকুল ইসলাম
মোঃ নুরুল ইসলাম (স্বপন)	মোহাম্মদ নুরুল ইসলাম	মোহাম্মদ শফিকুল ইসলাম
মোঃ আলমগীর হোসেন	মোঃ মাহবুবুল হক	মোঃ সোহরাব উদ্দিন
মোঃ আবুল কালাম আজাদ	মোছাঃ সালমা আক্তার	শরীফ ইকবাল মাহমুদ
ডি.এম মোর্শেদ	সৈয়দ মোজাম্মেল হক মাহমুদ	মোছাঃ রোশনা চৌধুরী
ছারওয়ার আলম	নাজনীন আরা পারভীন	বেগম কামরুননাহার
মোঃ জাহাঙ্গীর আলম	মিসেস রোকসানা আরা বেগম	হাবিবুর রহমান অপু

সিনিয়র অফিসার		
মোঃ শহিদুল্লাহ হারেজ	বেগম শামসুন্নাহার	নুর মোহাম্মদ
মোঃ সোহেল সরকার	বেগম নাজমুন নাহার	মোঃ হাফিজুর রহমান
মোঃ মোস্তাইন বিল্লাহ	মোসাঃ জুয়েনা বেগম	বেগম নুরন্নাহার
ফারহানা রহমান	মোঃ নাহিদ সোবহান	মোঃ রফিকুল ইসলাম
মোঃ আনোয়ার হোসেন	আছমা আক্তার	মোহাম্মদ সুমন মিয়া
এস.এম জাকির হোসেন	মোঃ মোজাহারুল ইসলাম সরকার	সাইফুল ইসলাম
মোঃ ওমর ফারুক	মোঃ এহসানুল বারী	
বিষ্ণু জিৎ চন্দ্র দাশ	মোঃ সালাউদ্দিন	

নির্বাহী কর্মকর্তাবৃন্দ

অফিসার		
বেগম সামসুন নাহার	মোঃ রুহুল আমিন	মোঃশাহরিয়ার আশরাফ
জুবায়েদ আহাম্মদ	মোঃ আবুল হোসেন নান্নু	বশিরা আক্তার জেমি
মোঃ আবুল খায়ের নুরুল্লাহ	মোঃ নূর আলম জিকো	মোঃ হেমায়েতুল কবীর
মোঃ এনায়েত উল্লাহ	আবির আহমেদ চৌধুরী	জয়ন্ত গাঙ্গুলী
মুহাম্মদ দেলোয়ার	সোনিয়া আক্তার সুমি	মোঃ রুহুল আমিন
ইসমাইল হোসেন	আলাউদ্দিন আহমেদ	মোঃ আওরঙ্গজেব মুন্সী
মোঃ আলী হোসেন	মোঃ মাহবুবুর রহমান	মোঃ ফারুক হোসেন
বেগম সামছুন্নাহার (শেলী)	পূজা সরকার	মোঃ ফরিদ হোসেন

আব্দুল কাদের মোঃ ইলিয়াস	বেগম তানিয়া জাহান জুনু	কামাল হোসেন
মোহাম্মদ সরফুজ্জামান	মোঃ আলম সিকদার	হোসেন আহম্মেদ
মোঃ জুলকার নাইন	মোঃ মিনহাজুর রহমান	চামেল-ঈ-গাজী মিলকী
মোঃ শহিদ উল্যাহ	মোঃ মনিরুজ্জামান	ঝুমানা আক্তার
মোঃ শফিকুল ইসলাম	মোঃ জহিরুল ইসলাম	মোঃ মুশফিকুর রহমান
মোঃ নুরুল ইসলাম	অসীম কুমার সাহা	

ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ

জনাব মোঃমোমিনুল হক তালুকদার
মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা

উপ-মহাব্যবস্থাপক বৃন্দ

মিসেস নার্গিস আক্তার

মিসেস ঝর্ণা প্রভা দেবী (ভারপ্রাপ্ত)

জনাব মোঃ আবদুল আলীম

(ভারপ্রাপ্ত)

সহকারী-

মহাব্যবস্থাপক বৃন্দ

জনাব মোঃ আবুল বাসার হাওলাদার জনাব মুহাম্মদ হাবিবুর রহমান জনাব মোঃ আহসানুল গনি জনাব মোঃ কামাল উদ্দিন

জনাব মোঃ সামসুল আলম জনাব মোঃ কামরুজ্জামান জনাব এস এম জাহাঙ্গীর হোসাইন জনাব মোঃ আবু তালেব

জনাব মোঃ হেদায়েত কবীর জনাব মোঃ জসিম উদ্দিন ভূঁইয়া জনাব মোঃ আশফাকুজ্জামান জনাব মোঃ আবদুর রাজ্জাক

জনাব মুহাম্মদ হাফিজুর রহমান জনাব মোঃ হাবিবুর রহমান জনাব পংকজ কুমার বিশ্বাস জনাব মোঃ লতিফুল বারী

জনাব মোছাঃ মনিরা খাতুন

চেয়ারম্যানের বার্তা

সম্মানিত প্রতিনিধিবৃন্দ,

আসসালামু আলাইকুম। বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ৪২ তম বার্ষিক সাধারণ সভায় সকলকে সমবায়ী শুভেচ্ছা । এ সভায় আপনাদের স্বাগত জানাতে পেরে আমি সম্মানিত বোধ করছি। আমাদের প্রতি আপনাদের অবিচল আস্থা ও সমর্থনের জন্য অন্তরের অন্তঃস্থল হতে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আপনারা জানেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্ন ছিলো সমবায়ের মাধ্যমে দেশের অর্থনীতিকে মজবুত ভিত্তির উপর দাঁড় করিয়ে দেশকে সোনার বাংলা হিসেবে গড়ে তোলা। যে কারণে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান স্বাধীন বাংলাদেশের পবিত্র সংবিধানের ১৩নং অনুচ্ছেদে সমবায়কে সম্পদের মালিকানার দ্বিতীয় খাত (অর্থ্যাৎ যৌথ মালিকানার অর্থে সমবায়ী) হিসেবে স্বীকৃতি দেন। বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষি ও মৎস্য সহ বিভিন্ন সেক্টরে সমবায়ের সুনির্দিষ্ট লক্ষ্য উদ্দেশ্য নির্ধারণ করে। কিন্তু ৭৫ এর ১৫' আগষ্ট জাতির জনক কে সপরিবারে হত্যার মাধ্যমে তাঁর এই স্বপ্নকে বাধাগ্রস্থ করে সমবায় আন্দোলনকে ব্যর্থ করা হয়। যার ফলে এনজিও, বিদেশী প্যাকেজ পলিসি, মুক্ত বাজার অর্থনীতি এবং গ্লোবালাইজেশানের ফেরে সমবায় হয়ে উঠে নিজ বাসভবনে পরবাসী। তবে আশার কথা এই যে, বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা আমাদের প্রিয় নেত্রী মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী দেশরত্ন রাষ্ট্রনায়ক শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে ও দুরদর্শী চিন্তা চেতনায় সমবায়ের মাধ্যমে দেশের গরীব দুঃখী মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের মধ্য দিয়ে বঙ্গবন্ধুর সোনার বাংলা প্রতিষ্ঠার স্বপ্ন বাস্তবতায় রূপ লাভ করছে। আমাদের অনেক সীমাবদ্ধতা থাকা স্বত্বেও সেই লক্ষ্য বাস্তবায়নে আমাদের ব্যবস্থাপনা কমিটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আপনাদের অবগতির জন্য ব্যবস্থাপনা কমিটি বিগত এক বছরের কর্মকান্ড "বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯" এর মাধ্যমে আমরা তুলে ধরার চেষ্টা করছি।

প্রিয় প্রতিনিধিবৃন্দ,

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এ বছর ৭২ বছরে পদার্পন করেছে। এ দীর্ঘ পথ পরিক্রমায় আমরা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি। এ প্রতিষ্ঠানের উদ্যোক্তা সমবায়ী নেতৃবৃন্দ, ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব

পালনকারী নিবেদিত প্রাণ ব্যক্তিবর্গ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, পৃষ্ঠপোষকবৃন্দ যাদের মেধা, শ্রম, সাহায্য সহযোগিতায় বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এ পর্যায়ে আসতে সক্ষম হয়েছে।

সম্মানিত প্রতিনিধিবৃন্দ,

আপনারা অবহিত আছেন যে, বিভিন্ন প্রতিকূলতা থাকা স্বত্ত্বেও গতানুগতিক কৃষি ঋণের পাশাপাশি আমরা যুগোপযোগী প্রকল্প ঋণ, কনজুমার্স ঋণ/পার্সোনাল ঋণ, স্বর্ণ আমানত ঋণসহ অকৃষি খাতে ঋণ প্রদান শুরু করেছি। এর মাধ্যমে আহরিত লাভ হতে উৎপাদন বৃদ্ধিসহ মহিলা উদ্যোক্তা সৃষ্টি ও ক্ষমতায়নের মাধ্যমে সমবায় সেক্টরে নতুন নতুন আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। এভাবে আর্থসামাজিক উন্নয়নের ক্ষেত্রে ভূমিকা রাখার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী দেশ-রত্ন জননেত্রী রাষ্ট্রনায়ক শেখ হাসিনার 'রূপকল্প-২০২১' বাস্তবায়নে বাংলাদেশ সমবায় ব্যাংক নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

প্রিয় প্রতিনিধিবৃন্দ,

নারায়ণগঞ্জ জেলার ১৪৯নং বঙ্গবন্ধু সড়কে (শহরের প্রাণকেন্দ্রে) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ১৬ কাঠা জমির ওপর ১০(দশ) তলা বিশিষ্ট বিএসবিএল কমার্শিয়াল কমপ্লেক্স এর দু'টি বেজমেন্টসহ ১০ম তলা পর্যন্ত ভবন নির্মাণের কাজ উদ্বোদন করা হয় গত ০৪/০৩/২০১৫ খ্রীঃ, রোজ বুধবার, সকাল ১১.৪৫ ঘটিকায়। উদ্বোদনী অনুষ্ঠানে ভিত্তি প্রস্তর স্থাপন করেন জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ, এমপি,মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। গত ৩১/০৮/১৮ তারিখে ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয় এবং ২০/১১/১৮ তারিখে উক্ত ভবন ব্যাংকের হস্তান্তর গ্রহণ কমিটি কর্তৃক ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে হস্তান্তর গ্রহণ করা হয়। ভবনের ১ম তলা হতে ৫ম তলা পর্যন্ত বরাদ্দ প্রদান করা হয় গত ২৭/১২/১৮ তারিখে এবং ৬ষ্ঠ তলা হতে ১০ম তলা পর্যন্ত ইতিমধ্যে ভাড়া প্রদান করা হয়েছে। এছাড়া ছাদের উপর ৪,৫০০ বর্গফুট জায়গা রেষ্টুরেন্টের জন্য ভাড়া দেওয়া হয়েছে।

সম্মানিত প্রতিনিধিবৃন্দ,

বর্তমান সরকার সাধারণ জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে সর্বত্র ডিজিটালাইজেশনের যে উদ্যোগ গ্রহণ করেছে, তারই অংশ হিসেবে বাংলাদেশে বিদ্যমান তফসিলি ব্যাংকসমূহ Online লেনদেন কার্যক্রমসহ Mobile Banking, Agent Banking, Digital Financial Services ইত্যাদি কার্যক্রম চালু করেছে। বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ তারই ধারাবাহিকতায় ইতিমধ্যে Digital Financial Services (DFS) চালুকরণের উদ্যোগ গ্রহণ করেছে। সে লক্ষ্যে এই ব্যাংকের DFS সার্ভিসের নামকরণ করা হয়েছে **"বিনিময়"।"বিনিময়"** নামের লোগো ট্রেডমার্ক রেজিষ্ট্রেশনের জন্য প্যাটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর বরাবর আবেদন পত্র দাখিল করা হয়েছে। এ কার্যক্রম চালুকরণের জন্য যোগ্য প্রতিষ্ঠানের নিকট থেকে Request for Expression of Interest (EOI) আহবান ও গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ সমবায় ব্যাংক প্রাথমিক পরিকল্পনা অনুযায়ী ৫০,০০০ (পঞ্চাশ হাজার) সমবায় সমিতির মাধ্যমে DFS

কার্যক্রম বাস্তবায়ন করবে যা পর্যায়ক্রমে আরও সম্প্রসারণ করা হবে। ভবিষ্যতে সমবায় সমিতি, ব্যক্তি, সদস্য পর্যায়েও এ কার্যক্রম সম্প্রসারণ করা হবে। এ কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব হলে সমবায় সমিতির সার্বিক কার্যক্রমে গতিশীলতা আসবে এবং সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

প্রতিনিধিবৃন্দ,

সমবায় খাতের একমাত্র টেকসই ও শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর সংস্কার, আধুনিকীকরণ, শক্তিশালীকরণ ও যুগোপযোগী করে গড়ে তোলার নিমিত্তে বাণিজ্যিক/বিশেষায়িত ব্যাংকে রূপান্তর ও ব্যাংকটিকে লাভজনক ও সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে সুপ্রতিষ্ঠিত করার ব্যাপারে স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত বেশ কয়েকবার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিশ্ব ব্যাংক, ইউএনডিপি, আইএলও-সহ বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় প্রতিষ্ঠান ব্যাংকের বিভিন্ন দিক পরীক্ষা-নিরীক্ষা করে বিভিন্ন সময়ে প্রতিবেদন দাখিল করেছেন। গত ১৯/০৯/১৯৮২ খ্রীঃ ও ২২/০৯/১৯৮৬ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী পরিষদ সভায় বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ কে একটি বিশেষায়িত ব্যাংক হিসেবে অধ্যাদেশের মাধ্যমে পূনর্গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সেসব সিদ্ধান্ত বাস্তবায়িত হয়নি।

বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর বিগত ১৭/০১/২০১৯ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় ব্যাংকের বোর্ডরুমে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার এবং সমবায় অধিদপ্তরের মাননীয় নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ মহোদয়গণ উপস্থিত ছিলেন। উক্ত মত বিনিময় সভায় মাননীয় মন্ত্রী মহোদয় বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ-কে ঢেলে সাজিয়ে এবং কর্মী বাহিনীকে প্রয়োজনের নিরীখে মাঠ পর্যায়ে বিন্যস্ত করে একটি লাভজনক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে তাগিদ প্রদান করেন। এজন্য তিনি এই ব্যাংকটিকে সংস্কার, আধুনিকীকরণ ও যুগোপযোগী করে তোলার জন্য তাগিদ প্রদান করেন এবং প্রয়োজনে অতিদ্রুত পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগেরও গুরুত্বারোপ করেন।

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১৩/০৩/২০১৯ তারিখের ৪৭.০০.০০০০.০৪৭.১৯.১৫২(১৫)(অংশ-১).১৪৬ নং স্মারকের নির্দেশ মোতাবেক সমবায় অধিদপ্তরের ২৭/০১/২০১৯ তারিখের ৪৭.০৬১.০০০০.০২৭.০২৮.০০৪.১৭(১৩তম খন্ড).৩২৪ নং স্মারকের মাধ্যমে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর সংস্কার, আধুনিকীকরণ
ও যুগোপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে ৯ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটিতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আফজাল হোসেন এর সভাপতিত্বে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বিভাগিয় সমবায় অধিদপ্তর, বাংলাদেশ ব্যাংক থেকে একজন করে প্রতিনিধি অন্তর্ভূক্ত করা হয়। অত্র ব্যাংকের সভাপতিকে সদস্য এবং মহব্যবস্থাপককে

সদস্য সচিব করা হয়। কমিটির সদস্যগণ ইতিমধ্যে কয়েকটি সভা করেছেন। সমবায় বৈশিষ্ট অক্ষুন্ন রেখে অত্র ব্যাংকের সংস্কার, আধুনিকীকরণ ও যুগোপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে সকল প্রকার ব্যাংকিং ও বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করার উদ্দেশ্যে কাজ শুরু করেছে। ব্যাংকের সংস্কার, আধুনিকীকরণ ও যুগোপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে কনসালটেন্ট (ব্যক্তি/প্রতিষ্ঠান) নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ কে বাণিজ্যিক/বিশেষায়িত ব্যাংক হিসেবে রূপান্তর করা সম্ভব হলে সমবায় সেক্টরে একমাত্র ব্যাংকিং প্রতিষ্ঠান হিসেবে অত্র ব্যাংক সমবায় সেক্টরসহ সকল খাতে অর্থায়নের সুযোগ পাবে। ফলে এ ব্যাংকের সদস্য এবং সদস্য বহির্ভূত সমবায় সমিতিসমূহের কার্যক্রম সম্প্রসারিত হবে এবং আর্থিকভাবে লাভবান হবে।

প্রতিনিধিবৃন্দ,

আমরা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার ,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার এবং সমবায় অধিদপ্তরের মাননীয় নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আমিনুল ইসলাম সহ সকল পর্যায়ের কর্মকর্তাদের নিকট তাদের পরামর্শ, নির্দেশনা ও সহযোগীতার জন্য ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সুধিবৃন্দ,

আপনাদের সমর্থন, ব্যবস্থাপনা কমিটির পরিকল্পনা ও আমাদের কর্মকর্তা/কর্মচারীদের নিরলস প্রচেষ্টায় আমরা আগামীতে সমবায় বান্ধব সেবার নতুন দিগন্ত উন্মোচন করার ব্যাপারে আশাবাদী। সবার প্রতি রইল আবারও আন্তরিক শুভেচ্ছা।

ব্যবস্থাপনা কমিটির পক্ষে

(মহিউদ্দিন আহমেদ)

মহাব্যবস্থাপক এর বার্তা

সম্মানিত প্রতিনিধিবৃন্দ,

৪২তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে আয়োজিত আজকের এই অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশ সমবায় ব্যাংক লি. এর সকল সদস্য সমবায় সমিতি এবং উহার সকল ব্যক্তি সমবায়ী সদস্যদের জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

সমবায় হচ্ছে সম্মিলিত প্রচেষ্টা বা সমন্বিত উদ্যোগ। পৃথিবী সৃষ্টির আদিকাল হতে মানুষ দলগত বা গোষ্ঠীগতভাবে নিজেদের সমস্যা সমাধানের প্রয়াস গ্রহণ করে চলছে। এই প্রচেষ্টায় পরিবর্তীত নাম বা রূপ হচ্ছে সমবায়। সমগ্র পৃথিবীতে সমবায় পদ্ধতি আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি হিসেবে স্বীকৃতি লাভ করেছে। এ পদ্ধতির সফল বাস্তবায়নের মূলে হচ্ছে সঠিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

বাংলাদেশে সমবায় পদ্ধতিতে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে গৌরবময় ইতিহাস ও ঐতিহ্য রয়েছে। পাকভারত উপ-মহাদেশে কৃষি ঋণ বিতরণের মাধ্যমে সমবায় ভিত্তিক কার্যক্রম শুরু হলেও বর্তমানে অর্থনীতির প্রতিটি সেক্টরে সমবায় ভিত্তিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। বাংলাদেশ আজ কৃষি উৎপাদন বৃদ্ধি ও খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে যে গৌরব অর্জন

করেছে তাতে বাংলাদেশের কৃষি সমবায় সমিতি তথা বাংলাদেশ সমবায় ব্যাংকের ভূমিকা অনস্বীকার্য।

রাষ্ট্রীয় নীতিগত কারণে এক সময় কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে বাংলাদেশ সমবায় ব্যাংক লি. ছিল একমাত্র উপযুক্ত মাধ্যম। কিন্তু পরবর্তীতে বিশ্ব রাজনীতি ও অর্থনৈতিক নীতি পরিবর্তনের ফলে বাংলাদেশেও নীতি পরিবর্তন হয়েছে যার ফলে বাংলাদেশ সমবায় ব্যাংকের গুরুত্ব ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে। পরিবর্তীত রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতির সাথে সামঞ্জস্য রেখে সমবায় খাত বা বাংলাদেশ সমবায় ব্যাংক লি. আশানুরুপ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে সক্ষম হয়নি। যার দায় ভার সম্মিলিতভাবে সকলের।

সাম্প্রতিককালে বাংলাদেশ সমবায় ব্যাংকের কার্যক্রমে বেশ কিছু পরিবর্তন আনা হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য বিষয়গুলো হচ্ছে কৃষি ঋণ বিতরণ কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন সমবায় সমিতিতে আয়বর্ধনমূলক প্রকল্প ঋণ বিতরণ, মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি ও ক্ষমতায়নের লক্ষ্যে বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মসূচীতে ঋণ প্রদানসহ বিভিন্ন ব্যবসায়িক কর্মকান্ডে ঋণ প্রদান, (DFS) Digital Financial Services চালুকরণের উদ্যোগ গ্রহণ ইত্যাদি উল্লেখযোগ্য।

অপরদিকে বর্তমান সরকার সমবায় খাতের উন্নয়নের লক্ষ্যে যথেষ্ঠ গুরুত্ব দিয়ে আসছে। এ লক্ষ্যে বাংলাদেশ সমবায় ব্যাংক লি. ও উহার সদস্যভূক্ত কেন্দ্রীয় ব্যাংকসমূহের সংস্কারের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির জন্য সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। সপ্তম পঞ্চ বার্ষিকীর দিক নির্দেশনার আলোকে বাংলাদেশ সমবায় ব্যাংকের প্রয়োজনীয় সংস্কারের নিমিত্ত সুপারিশ মালা পেশ করার জন্য সরকার একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করেছেন। উক্ত কমিটি ইতোমধ্যে কাজ শুরু করেছে।

সরকার কর্তৃক গঠিত কমিটির সুপারিশের আলোকে সময়োপযোগী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর সকল কর্মকর্তা ও কর্মচারী মানষিক ও প্রাতিষ্ঠানিক প্রস্তুতি গ্রহনের কাজ শুরু করেছে। উহার অংশ হিসেবে ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত দক্ষতা

ও উৎকর্ষতা বৃদ্ধির জন্য আধুনিক ব্যাংকিং বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ এবং বিদ্যমান সাংগঠনিক কাঠামো সময়োপযোগী করে সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সকলের ঐকান্তিক প্রচেষ্ঠা ও সহযোগীতায় ইনশাআল্লাহ আমরা কাংখিত লক্ষ্যে পৌঁছাতে সক্ষম হবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছি।

(মোঃ মোমিনুল হক তালুকদার)

মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা

ব্যবস্থাপনা কমিটির প্রতিবেদন

বিভিন্নমুখী চ্যালেঞ্জ মোকাবিলা করা সত্ত্বেও ২০১৮-১৯ সময় কালে আমরা আমাদের বিভিন্নমূখী সেবা ও কার্যক্রম বৃদ্ধি করে সাফল্য অব্যাহত রেখেছি। আপনাদের জ্ঞাতার্থে বিগত এক বছরের কর্মকান্ড নিম্নে তুলে ধরা হলোঃ

ঋণ বিতরণ ও আদায়ঃ

বিগত এক বছরে কৃষি ও অকৃষি ঋণ খাতে মোট ৬০০৯.০৯ লক্ষ টাকা বিতরণ ও ৬৪২৩.০৮ লক্ষ টাকা আদায় করা হয়েছে। পূর্ববর্তী বছরে একই সময়ে বিতরণকৃত ঋণের পরিমাণ ৮৩৭০.৭৯ লক্ষ টাকা এবং আদায়ের পরিমাণ ৬১২৬.০৪ লক্ষ টাকা।

খেলাপী ঋণ আদায় ও মামলা নিষ্পত্তিঃ

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হতে ঋণ গ্রহীতা বিভিন্ন সমবায় সমিতির সঙ্গে খেলাপী ঋণ সংক্রান্ত বিষয়ে বিভিন্ন আদালতে অনেক আগে থেকে বিভিন্ন মামলা চলমান রয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরের শুরুতে ডিসপুট, মানিজারী, রীট পিটিশন ও অন্যান্য সিভিল মামলার সংখ্যা ছিল ৪০টি। যেহেতু ঋণ খেলাপী প্রতিষ্ঠানগুলোর প্রায় সকলেই আমাদের সদস্য শেয়ার হোল্ডার প্রতিষ্ঠান সেহেতু বিগত বছরের ন্যায় বিজ্ঞ আদালতের অনুমতি সাপেক্ষে দ্বি- পাক্ষিক আলাপ আলোচনার মাধ্যমে আরও ০৫টি মামলা নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। এই অর্থবছরে বিভিন্ন সমবায় সমিতি ও প্রকল্প ঋণ খেলাপী ব্যক্তিদের নিকট হতে আদায়কৃত মোট অর্থের পরিমান ৩৭.৭২ লক্ষ টাকা। বর্তমান অর্থবছরে বিভিন্ন সমবায় সমিতি এবং প্রকল্প, কনজুমার্স ও পার্সোনাল ঋণ খেলাপী ব্যক্তিদের বিরুদ্ধে আরো ২৭টি মামলা দায়ের হওয়ায় বর্তমানে মোট মামলা সংখ্যা ৬৭টি।

ব্যবসা ও পরিচালনাগত কার্যক্রম

২০১৮-২০১৯ অর্থবছরের তুলনায় বাজেটে ঋণ খাতে বিনিয়োগের অনুমোদনের পরিমাণ ক্রমান্বয়ে বাড়ানো হলেও বকেয়া ঋণ ও পাওনা মুনাফা ফেরত দেওয়ার পরিমাণ কম যার ফলে এ খাতে বছরের শেষে পাওনা স্থিতি বেড়েই চলছে। অপরদিকে, আমানত সংগ্রহের পরিমাণ বাড়লেও শেয়ার বাজারসহ অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে মন্দা থাকার কারণে স্থিতি কিছুটা হ্রাস পেয়েছে।

সারণী-১

ব্যবসায়িক কার্যক্রম
লক্ষ টাকার অংকে

বিবরণ	২০১৬-২০১৭ অর্থবছর	২০১৭-২০১৮ অর্থবছর	২০১৮-২০১৯ অর্থবছর

অনুমোদন/মঞ্জুরী	২০৩০২.৯৩	১৯৮৭৪.২২	২৩৭৩৫.২৭
ঋণ/বিনিয়োগ	৯৩৩৯.০৯	৬৭১০.৪৮	৭৯০১.৪৮
ঋণ ও বিনিয়োগ স্থিতি	৩৮৫৮৪.০৩	৩৩২০৩.৪৪	৩২৮৭৭.৬৪
আমানত	২১৪৩.৭৫	২৫৪১.২৬	২২৮২.৫৭

উৎসঃ বার্ষিক প্রতিবেদন, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ এর ব্যালেন্স সীট



Figure 1.**A**

Business Performance



সারণী-২

পরিচালনাগত কার্যক্রম

লক্ষ টাকার অংকে

বিবরণ	২০১৬-২০১৭অর্থবছর	২০১৭-২০১৮অর্থবছর	২০১৮-২০১৯অর্থবছর
মোট আয়	৩৪০৬.৪৬	২৫২২.৪৪	২৫১১.০৩
পরিচালনাগত মুনাফা	১৩৬৫.৮৫	৩০৮.৯৮	২৩৮.৬০
নীট মুনাফা	১৩০৫.৮৫	২৪৮.৯৮	২২৮.৬০
মোট সম্পদ	৫০৩১০.২৩	৪৫৪০৫.৮৮	৪৬৫৬৯.৭১
পরিশোধিত মূলধন	৬৪৯.৮২	৬৭৮.৫৪	৭১৪.৬৭

উৎসঃ বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ এর ব্যালেন্স সীট



সারণী-৩

চাহিদা মোতাবেক অর্থ প্রদান লক্ষ টাকার অংকে

বরাদ্দের খাত	২০১৬-১৭অর্থ বছর	২০১৭-১৮অর্থ বছর	২০১৮-১৯অর্থ বছর
কৃষি ঋণ	১০২১.৪১	৭৬৪.৫৬	৩৭৫.৩৪
অকৃষি ঋণ	৭০৪৬.৯০	৭৬০৬.২২	৫৬৩৩.৭৪
স্থায়ী সম্পদ অর্জন	৯৯৮.৮৮	৬৯৫.৬৬	১৫১৭.৭৯
অন্যান্য	৭৭.৬০	১১৪.৪২	২২.১৮

উৎসঃ বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯

বিনিয়োগ,কর্জ পরিশোধ, প্রভিশন

খাতের বাজেট।

ব্যবস্থাপনা কমিটির প্রতিবেদন



সারণী-৪

সংগৃহীত আমানত স্থিতি

২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ-বছরে ব্যাংকের সংগৃহীত আমানতের পরিমাণ সারণী-৪ এ দেখানো হলোঃ

(লক্ষ টাকার অংকে)

ক্রমিক নং	**আমানতের বিবরণ**	২০১৬-১৭ অর্থ বছর	২০১৭-১৮ অর্থ বছর	২০১৮-১৯ অর্থ বছর
১।	চলতি আমানত	৮১.০৪	১০৬.৯৩	৭০.২২
২।	সঞ্চয় আমানত	৬৫০.৪৫	৮৫১.০০	৬৪২.৭১
৩।	স্থায়ী আমানত	১৩৯৯.২০	১৫৭৮.৬৯	১৫৫৮.০৭
৪।	ডিপিএস	১৩.০৬	৪.৬৪	১১.৫৭
	মোটঃ	২১৪৩.৭৫	২৫৪১.২৬	২২৮২.৫৭

উৎসঃ ব্যালেন্স সীট **২০১৬-১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯** অর্থ-বছর।



সারণী-৫

নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ লক্ষ টাকায়

ক্রমিক নং	ঋণের প্রকার	বিতরণকৃত ঋণের পরিমাণ		
		২০১৬-১৭ অর্থ বছর	২০১৭-১৮অর্থ বছর	২০১৮-১৯অর্থ বছর
১।	স্বল্প মেয়াদী কৃষি ঋণ	৪২৫.০০	৬৯৮.৫৬	৪০.৭৪
২।	মধ্য মেয়াদী কৃষি ঋণ	২০৮.০০	৬৬.০০	২৬৫.০০
২।	দীর্ঘ মেয়াদী কৃষি ঋণ	-		-
৩।	অকৃষি ঋণ	৭০৪৬.৯০	৭৬০৬.২২	৫৭০৩.৩৪
	মোটঃ	৭৬৭৯.৯০	৮৩৭০.৭৮	৬০০৯.০৮

উৎসঃ ক্যাশ একাউন্ট ২০১৬-১৭ অর্থ-বছর ও নিজস্ব তহবিল ঋণ বিতরণ ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ-বছর

ব্যবস্থাপনা কমিটির প্রতিবেদন

সারণী -৬

আদায়যোগ্য ও আদায়কৃত কৃষি ঋণের অবস্থা

২০১৮-২০১৯ অর্থ বছরে ঋণ দাদন, আদায়যোগ্য ও আদায় বিবরণী (নিজস্ব তহবিল ঋণ)

(লক্ষ টাকার অংকে)

ক্রঃ নং	ব্যাংক / সমিতির নাম	০১-০৭-২০১৮ ইং তারিখে পাওনা			বিতরণ ১৮-১৯ অর্থ বছর	আদায়যোগ্য ২০১৮-২০১৯			আদায় ২০১৮-২০১৯			আদায়ের শতকরা হার
		আসল	মুনাফা ও দন্ডসুদ	মোট		আসল	মুনাফা ও দন্ডসুদ	মোট	আসল	মুনাফা ও দন্ডসুদ	মোট	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১	কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/সমিতি	৬৫১.৮৫	২৪৫.৮৪	৮৯৭.৬৯	৯০.০০	৩৩৭.৯৯	২৬৩.২৩	৬০১.২২	৩১১.৬৫	৩৭.১৮	৩৪৮.৮৩	৫৮.০২%
২	সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ	৭০৪.৯৯	৬৫৭.২৬	১৩৬২.২৫	২১৫.০০	৪৮৬.৬০	৬৫২.০৪	১১৩৮.৬৪	১৫৫.৫৯	৫৬.১০	২১১.৬৯	১৮.৫৯%
	মোটঃ	১৩৫৬.৮৪	৯০৩.১০	২২৫৯.৯৪	৩০৫.০০	৮২৪.৫৯	৯১৫.২৭	১৭৩৯.৮৬	৪৬৭.২৪	৯৩.২৮	৫৬০.৫২	**৭৬.৬১%**

উৎসঃ ঋণ প্রদান ও আদায় বিভাগের ২০১৮-২০১৯ অর্থ বছরের ব্যাংক/ সমিতি ওয়ারী ঋণ দাদন ও আদায়ের বিবরণী।

সারণী -৭

৫০০০.০০ টাকা পর্যন্ত পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের অবস্থা

(লক্ষ টাকার অংকে)

ক্রঃ নং	বিভাগের নাম	০১.০৭.২০১৮ তারিখে মাঠে পাওনা		২০১৮-২০১৯ অর্থ বছরে আদায়		সর্বমোট হালনাগাদ আদায় (৩০-০৬-১৯পর্যন্ত)
		আসল	মুনাফা ও দন্ড মুনাফা	মোট আদায়/সমন্বয়		
১	২	৩	৪	৫	৬	৭
				আসল	সুদ ও দন্ডসুদ (সমন্বয়)	
১	ঢাকা বিভাগ	৩৩৯.৩৪	১৫৯.৭৮	১.৮৭	-	১৫৯৭.৩৭
২	চট্রগ্রাম ও সিলেট বিভাগ	৩৩০.৭৯	৯৮.৬৩	১২.০৬	-	২৯৩৭.৭৪
৩	রাজশাহী ও রংপুর বিভাগ	৫০২.৭৮	১০১১.৫৪	৫.৬০	-	১৪০২.২৯
৪	খুলনা ও বরিশাল বিভাগ	৩৮৬.২১	১২৭.৫১	১০.৩৫	-	২২২৫.৩৮
	সর্বমোটঃ	১৫৫৯.১২	১৩৯৭.৪৬	২৯.৮৮	-	৮১৬২.৭৮

উৎসঃ ঋণ আদায় বিভাগ হতে প্রাপ্ত পুনঃতফসিলের ঋণ আদায় বিবরণী।

ব্যবস্থাপনা কমিটির সভা

২০১৮-১৯ অর্থবছরে ব্যবস্থাপনা কমিটির **১১ টি সভা হয়েছে ।** ব্যবস্থাপনা কমিটির **১১ টি সভার কোন সভাতেই ০৬ জনের কম সদস্য উপস্থিত ছিলেন না।**

২০১৮-২০১৯ অর্থ বছরে ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থিতির বিবরণ

ক্রঃনং	নাম	পদবী	সভার সংখ্যা	উপস্থিতি
১	জনাব মহিউদ্দিন আহমেদ	চেয়ারম্যান	১১ টি	১১টি
২	জনাব চৌধুরী মোঃ আফজাল হোসেন নিছার	ভাইস-চেয়ারম্যান	১১ টি	০৩টি
৩	জনাব আলহাজ্ব এ.কে.এম. হাবিবুর রহমান চাঁন	পরিচালক	১১ টি	০৫টি
৪	জনাব এ.এম.এম সাহাবুদ্দীন	পরিচালক	১১ টি	০৮টি
৫	জনাব মোস্তফা সেলিম বেঙ্গল	পরিচালক	১১ টি	০৭টি
৬	জনাব ডাঃ আজম খান নোমান	পরিচালক	১১ টি	০৫টি
৭	মিসেস সালমা বিনতে ইসলাম	পরিচালক	১১ টি	১১টি
৮	জনাব মোঃ আফজাল হোসেন অতিরিক্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	পরিচালক সরকার কর্তৃক মনোনীত	১১ টি	০৮টি
৯	জনাব মোঃ ফখরুল ইসলাম-০৫টি জনাব মোঃ আহসান কবীর-০৫টি অতিরিক্ত নিবন্ধক সমবায় অধিদপ্তর, ঢাকা।	পরিচালক সরকার কর্তৃক মনোনীত	১১ টি	১০টি
১০	জনাব আবু নঈম পাটোয়ারী দুলাল সভাপতি, চাঁদপুর কেন্দ্রীয় সমবায় ব্যাংক	পরিচালক সরকার কর্তৃক মনোনীত	১১ টি	০৯টি
১১	জনাব মোঃ সুলতান মাসুদ আহমেদ মহাব্যবস্থাপক,বাংলাদেশ ব্যাংক	পরিচালক (সরকার কর্তৃক মনোনীত)	১১ টি	১০টি

ব্যবস্থাপনা কমিটি এবং নিয়োগ/পদোন্নতি কমিটির সভার সদস্যগণঃ

মানব সম্পদের দক্ষতা বৃদ্ধি উৎকর্ষ সাধনসহ নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বিষয়ে ব্যবস্থাপনা কমিটির বরাবর প্রয়োজনীয় সুপারিশ প্রদানের জন্য ব্যাংকে নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত দু'টি কমিটি যথাক্রমে- (ক) ১ম ও ২য় শ্রেনীর কর্মকর্তা নিয়োগ/পদোন্নতি কমিটি এবং (খ) ৩য় ও ৪র্থ শ্রেনীর কর্মচারী নিয়োগ/পদোন্নতি কমিটি বিদ্যমান। বর্তমানে বিদ্যমান দু'টি কমিটির গঠন কাঠামো নিম্নরূপঃ

ক্রঃ নং	**১ম ও ২য় -শ্রেনীর কর্মকর্তা নিয়োগ/পদোন্নতি কমিটি**	পদবী	**৩য় ও ৪র্থ শ্রেনীর কর্মচারী নিয়োগ/পদোন্নতি কমিটি**	পদবী
১.	চেয়ারম্যান,ব্যবস্থাপনা কমিটি	আহবায়ক	মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ	আহবায়ক

২.	ভাইস চেয়ারম্যান, ব্যবস্থাপনা কমিটি	সদস্য	উপসচিব, প্রশাসন-২ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	সদস্য
৩.	মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক	সদস্য	যুগ্ম-নিবন্ধক (ব্যাংক ও বীমা) সমবায় অধিদপ্তর	সদস্য
৪.	যুগ্ম-সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	সদস্য	যুগ্ম-পরিচালক, বাংলাদেশ ব্যাংক	সদস্য
৫.	অতিরিক্ত-নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) সমবায় অধিদপ্তর	সদস্য	ডিজিএম (স্বর্ণ আমানত) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ	সদস্য
৬.	মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ	সদস্য সচিব	ডিজিএম (প্রশাসন) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ	সদস্য সচিব

বিধিবদ্ধ নিরীক্ষা, বোর্ড অডিট কমিটি ও আভ্যন্তরীণ নিরীক্ষা কোষ

সমবায় সমিতি আইন ২০০১-এর ৪৩ নং ধারা অনুযায়ী ব্যাংকের হিসাব পত্র প্রতি সমবায় বর্ষে (অর্থবছর) একবার (০১) সমবায় অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত নিরীক্ষা দল কর্তৃক ইতোমধ্যে ২০১৭-২০১৮ আর্থিক বিবরণী নিরীক্ষার কাজ সম্পাদন করা হয়েছে এবং নিরীক্ষিত উদ্বৃত্তপত্র আপনাদের নিকট প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, বিধিবদ্ধ নিরীক্ষা ফি (ভ্যাট সহ) বাবদ সরকারী কোষাগারে এ বছর ১,১৫,০০০/- টাকা জমা প্রদান করা হয়েছে।

আভ্যন্তরীণ ব্যবস্থাপনা কমিটির পক্ষে কমিটির সহ-সভাপতি চৌধুরী আফজাল হোসেন নিছার অডিট কমিটির প্রধান হিসেবে প্রতিষ্ঠানের যাবতীয় ক্রয় ও অন্যান্য আর্থিক ব্যয় নিষ্পত্তি হওয়ার পর মাসিক ভিত্তিতে আভ্যন্তরীণ নিরীক্ষা সম্পাদন করে বোর্ডের নিকট মতামতসহ নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন করেন। তাছাড়া কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত তিন (০৩) সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ কর্তৃক প্রতিটি আর্থিক কর্মকান্ডের দাবীসমূহ নিষ্পত্তির পূর্বে প্রি-অডিট করে প্রয়োজনীয় মতামত ও সুপারিশ প্রদান করা হয়।

আভ্যন্তরীণ নিরীক্ষা কোষ

ক্রঃনং	পদবী
০১	এজিএম (অডিট)
০২	প্রিন্সিপ্যাল অফিসার(অডিট)
০৩	সিনিয়র অফিসার (অডিট)

প্রাতিষ্ঠানিক সুশাসন

প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠায় নিয়ন্ত্রক সংস্থাসমূহ যথা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সমবায় অধিদপ্তর আমাদেরকে সবসময় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে আসছে। বিএসবিএল-এর পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উন্নততর প্রাতিষ্ঠানিক সুশাসন

প্রতিষ্ঠার লক্ষ্যে একযোগে নিরলস প্রচেষ্ঠা চালিয়ে যাচ্ছে। সমবায় অধিদপ্তরের নির্দেশনার আলোকে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আমরা সেগুলো পালন অব্যাহত রেখেছি। প্রাতিষ্ঠানিক সুশাসনের রিপোর্ট বার্ষিক প্রতিবেদনে পৃথক আকারে সংযোজিত করা হয়েছে।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ (বিএসবিএল) ব্যাংকিং ও সমবায় সেক্টরে একটি প্রাচীন প্রতিষ্ঠান। এ অঞ্চলে ১৯০৪ সালে সমবায় আন্দোলনের সূত্রপাত হওয়ার মাধ্যমে সমবায় ব্যাংকিং এর যাত্রা শুরু। নানারকম চড়াই-উৎরাই পেরিয়ে ব্যাংক নিজস্ব কাঠামো ধরে রেখেছে। দেশ বিভাগের পর সমবায় আইন ও বিধির পরিবর্তনের ফলে বিভিন্ন সময়ে ব্যবস্থাপনা কমিটি ব্যাংকের প্রয়োজনে নিয়ম-নীতিমালা সময়োপযোগী করেছে।

বিএসবিএল যেহেতু সমবায়ী ও সরকারের শেয়ারের সমন্বয়ে গঠিত তাই ব্যাংকের সকল ধরনের নীতি-নির্ধারণে সমবায়ীদের আকাঙ্খার সাথে সরকারী অনুশাসনের সমন্বয় ঘটানো হয়। ব্যাংকের কাজের ধরন এবং নিয়ম-কানুন পালনে সরকারী অনুশাসন মেনে চলা হয়। বিএসবিএল একটি বিশেষায়িত সমবায় প্রতিষ্ঠান। সুতরাং সমবায়ের উপযোগী এবং তাদের স্বার্থের উপর ভিত্তি করে নিয়ম-কানুন প্রণীত, পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়।

ব্যাংকের প্রাতিষ্ঠানিক কাজ যাতে সুন্দর ও সুচারুরূপে সম্পন্ন হয় সেজন্য প্রয়োজনানুযায়ী বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়। এছাড়া নিয়ম-নীতি রক্ষায় ব্যবস্থাপনা কমিটির উপর যে সব দায়িত্ব অর্পিত হয় তা পালনে কমিটি সচেষ্ট থাকে।

নিম্নে দায়িত্বগুলো বর্ণিত হলঃ

বার্ষিক বাজেট, ব্যবসায়িক ও বিভিন্ন উন্নয়ন কাজের পরিকল্পনা ও বাস্তবায়ন কৌশল নির্ধারণ, পরিবীক্ষণ,

পর্যালোচনা ও মূল্যায়ন করা;

- ব্যবস্থাপনা কার্যক্রম মূল্যায়নের নির্ণায়ক/নির্দেশক নির্ধারণ এবং এর প্রয়োগ নিশ্চিত করা;
- ব্যবসায়িক ঝুঁকিসমূহ পরিবীক্ষণ ও সম্ভাব্য সমাধান খোজা;
- বোর্ডে উপস্থাপিত আর্থিক কার্যক্রমের প্রস্তাবসমূহ বিচক্ষণতার সাথে পর্যালোচনা করা;
- হিসাব রক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশ হিসাব মান ও আর্থিক প্রতিষ্ঠানের হিসাব বিবরণী প্রণয়ন নীতিমালার ভিত্তিতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা;
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রনের পর্যাপ্ত মনিটর, সঠিকতা এবং প্রয়োগ নিশ্চিত করা;
- ব্যাংকের প্রাতিষ্ঠানিক কাজে যাতে দক্ষতা ও শৃঙ্খলা বজায় থাকে সেজন্য স্বচ্ছতার নীতি অনুসরণ পূর্বক সকল ক্ষেত্রে সম-আচরণ ও জবাবদিহিতা বজায় রাখা;

প্রতিষ্ঠানের কার্যক্রম ধারাবাহিকতার সাথে সম্পন্ন করার জন্য বিভিন্ন কমিটি গঠন করা।

সর্বোপরি ব্যবস্থাপনা কমিটি সমবায়ীদের স্বার্থ রক্ষায় সবসময় গুরুত্ব দিয়ে থাকে; কেননা বিএসবিএল আন্ত:সমবায় সম্পর্ক জোরদারে বিশ্বাস করে এবং সুশাসন প্রতিষ্ঠায় আপ্রাণ চেষ্টা করে।

মানব সম্পদ ব্যবস্থাপনা

আমাদের কর্মীবৃন্দ আমাদের সম্পদ এবং এটি আমরা আন্তরিকভাবে বিশ্বাস করি। নতুন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ দেয়ার ফলে বর্তমানে কর্মরত কর্মকর্তা -কর্মচারীর সংখ্যা ২৩৮ জন। এছাড়া পুরাতন ও নতুন কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

সম্প্রসারণ কর্মসূচী

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ দেশের সমবায় অঙ্গনের শীর্ষ অর্থায়নকারী ও ঋণ দাদনকারী একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। সমবায় ব্যাংকের কার্যক্রমের গতিশীলতা আনয়নপূর্বক এর নতুন নতুন ক্ষেত্র চিহ্নিত করে সমবায় অধিদপ্তরের সহায়তায় ও তত্ত্বাবধানে ব্যাংকের সদস্য বহির্ভূত নিবন্ধিত সমবায় সমিতি ও সমিতির সদস্যগণকে বিভিন্ন উৎপাদনশীল ও আয়বর্ধক কর্মকান্ডে সহজ শর্তে সরল মুনাফায় তদারকী ঋণ দাদন করা হলে উক্ত কার্যক্রম নারীর ক্ষমতায়ন তথা দেশের গ্রামীণ অর্থনীতিতে ফলপ্রসূ ভূমিকা রাখবে। উল্লেখ্য, সমবায় সমিতি আইন-২০০১, (সংশোধিত আইন-২০০২ ও ২০১৩) এর ২৬(১) ধারায় বাংলাদেশ সমবায় ব্যাংকের সদস্য বহির্ভূত সমবায় সমিতি ও ব্যক্তি সদস্যগণকে ঋণ প্রদানের বিধান রয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয় তাঁর এক আধা-সরকারী পত্রের মাধ্যমে গ্রাম ভিত্তিক বিশেষ সমবায় সমিতি সৃজনপূর্বক এ সকল সমিতির সদস্যগণের অনুকূলে ঋণ প্রদানের অনুরোধ করেছেন। এরই ধারাবাহিকতায় ইতোমধ্যেই কয়েকটি সমিতির সদস্যগণকে সহজ শর্তে সরল মুনাফায় ঋণ প্রদানের বিষয়টি ফলপ্রসূ হয়েছে।

উপরিল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে ব্যাংকের সদস্য সমিতি/ সমিতির সদস্য ও সদস্য বহির্ভূত নিবন্ধিত সমবায় সমিতি/ সমিতির সদস্যগণকে বিভিন্ন প্রকল্পে এবং বিভিন্ন উৎপাদনশীল ও আয়বর্ধক কর্মকান্ডে প্রকল্প ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে সমিতিগুলোর উৎকর্ষতা বৃদ্ধি এবং ব্যাংকের কার্যক্রম বৃদ্ধির জন্য একটি সমন্বিত প্রকল্প ঋণ নীতিমালার আওতায় সারা দেশে প্রকল্প ঋণ চালু করা হয়েছে। ব্যাংকের এ সম্প্রসারণ কর্মসূচী দেশের জিডিপিতে একটি উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবে বলে আশা করা যায় এবং এর ফলে দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ ফলপ্রসূ ভূমিকা রাখবে মর্মে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

৫০০০/- টাকা পর্যন্ত কৃষি ঋণের আসল আদায় ও মওকুফকৃত সুদের ভর্তুকি নিষ্পত্তিঃ

৫০০০/- টাকা পর্যন্ত কৃষি ঋণের মুনাফা ও দন্ডমুনাফা মওকুফ করার ঘোষণা সংক্রান্ত হিসাবের আওতায় বিএসবিএল কর্তৃক মাঠ পর্যায়ে সদস্য সমিতি/ব্যাংকের মাধ্যমে কৃষকের নিকট বিতরণকৃত আসল বাবদ সরকারী ঋণের পাওনা ৫০.৮৩ কোটি টাকা এবং বাংলাদেশ ব্যাংকের পাওনা ২৮.৫৪ কোটি টাকা। উক্ত টাকা হতে বাংলাদেশ ব্যাংকের পাওনা পরিশোধের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর মধ্যে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী ২০০৩ সাল হতে এ পর্যন্ত (৩০-০৬-২০১৬) ১৪টি কিস্তি বাবদ ২৮.৫৩ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য যে, মাঠ হতে আদায় করতে না পারায় সরকারের পাওনা ৫০.৮৩ কোটি টাকার বিপরীতে কোন অর্থ পরিশোধ করা সম্ভব হয়নি। সরকারী ঘোষণা অনুযায়ী ৫০০০/- টাকা পর্যন্ত কৃষি ঋণের মওকুফকৃত মুনাফা ও দন্ডমুনাফা বাবদ বাংলাদেশ সমবায় ব্যাংক ও সদস্য সমিতিসমূহের পাওনা বাবদ ৯৮.৭১ কোটি টাকা মুনাফার ভর্তুকি সরকার ২০১১-২০১২ অর্থ বছর হতে ২০১৫-২০১৬ অর্থবছর পর্যন্ত পর্যায়ক্রমে ৫(পাঁচ)টি কিস্তিতে প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। যা পর্যায়ক্রমে ২০১১-২০১২ অর্থবছর হতে ২০১৫-

২০১৬ অর্থবছর পর্যন্ত ৫ টি কিস্তিতে সরকারের নিকট থেকে পাওয়া গিয়াছে। প্রাপ্ত ৯৮.৭১ কোটি টাকা সংশ্লিষ্ট সমবায় ব্যাংক লিঃ সমবায় ভূমি উন্নয়ন বন্ধকী ব্যাংক লিঃ, ইউসিসিএ লিঃ ও কেন্দ্রীয় ইক্ষুচাষী সমবায় সমিতি লিঃ এর মধ্যে হারাহারি ভাবে বন্টন করা হয়েছে। বর্তমান পুনঃতফসীল ঋণের আসল বাবদ মাঠ পর্যায়ে ১৫২৮.৮৪ লক্ষ টাকা অনাদায়ী পাওনা রয়েছে।

নীট মুনাফা

জাতীয় বেতন স্কেল বাস্তবায়িত হওয়ায় কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতা খাতে খরচ বৃদ্ধিসহ পরিচালনা ও প্রশাসনিক অন্যান্য সকল খাতে খরচ বৃদ্ধি পাওয়ায় এ বছর সামগ্রিক ব্যয় বৃদ্ধি পেয়েছে। তথাপিও যাবতীয় খরচ নির্বাহ করার পর বিগত ২০১৭-২০১৮ অর্থ বছরে নীট মুনাফা ছিল ০২ কোটি ৪৮ লক্ষ ৯৮ হাজার টাকা। ২০১৮-২০১৯ অর্থ বছরে নীট মুনাফার পরিমাণ ০২ কোটি ২৮ লক্ষ ৬০ হাজার টাকা।

লভ্যাংশ প্রদান

বিগত ২৬-০৭-২০১৮ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের ৪১তম বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী সদস্য প্রতিষ্ঠান গুলোর পরিশোধিত শেয়ারের উপর ২০১৬-২০১৭ অর্থ বছরের নীট মুনাফা হতে ১৫.০০% হারে লভ্যাংশ (বোনাস শেয়ার আকারে) বিতরণ করা হয়েছে। আজকের সভায় ২০১৭-২০১৮ অর্থবছরের নীট মুনাফা হতে ৪% হারে মোট ২৭,১৪,০৭১/- টাকা লভ্যাংশ প্রদানের প্রস্তাব করা হয়েছে।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর এ্যালবাম হতে

ছবি হবে

নিরীক্ষিত হিসাব বিবরণী

২০১৭-২০১৮ অর্থবছর

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

নিরীক্ষা মন্তব্য

প্রতিবেদন প্রদান করা যাচ্ছে যে, নিরীক্ষা দল কর্তৃক ৩১/০৩/২০১৯ খ্রিঃ তারিখে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ৩০শে জুন/২০১৮ খ্রীঃ তারিখে সমাপ্ত বছরের উদ্বৃত্তপত্র এবং এসাথে সংযুক্ত লাভ-ক্ষতির হিসাব নিরীক্ষা করা হয়েছে। নিরীক্ষাকালে কিছু কিছু ক্ষেত্র ব্যতীত অপরাপর তথ্য ও ব্যাখ্যা পাওয়া গেছে। নিরীক্ষাদলের বিবেচনায় বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর উদ্বৃত্তপত্র এবং লাভ-ক্ষতির হিসাব প্রচলিত সমবায় সমিতি আইন, ২০০১ ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধান অনুযায়ী প্রস্তুতকৃত। নিরীক্ষা দলের নিকট উপস্থাপিত বহিসমূহ এবং প্রদত্ত তথ্য ও ব্যাখ্যার ভিত্তিতে নিরীক্ষা দলের বিবেচনায় একই তারিখের নিরীক্ষা দলের পৃথক নিরীক্ষা প্রতিবেদনে বর্ণিত বিষয়াদি ব্যতীত উদ্বৃত্তপত্রটি সমিতির বিষয়ে নির্ভুল ও সঠিক চিত্র প্রতিফলিত করে।

নিম্নে নিরীক্ষক সদস্যদের নাম ও পরিচিতি তুলে ধরা হলো-

ক্রঃ নং	নিরীক্ষক সদস্যদের নাম পরিচিতি	**পদবী**
০১.	জনাব মোহাম্মদ হাফিজুল হায়দার চৌধুরী, উপ-নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা।	দলনেতা, নিরীক্ষা দল
০২.	জনাব মোঃ রাজ্জাক উল্যাহ পাটোয়ারী, পরিদর্শক, সমবায় অধিদপ্তর, ঢাকা।	সদস্য, নিরীক্ষা দল
০৩.	জনাব তানভীর মাসুদুল হাসান, পরিদর্শক, সমবায় অধিদপ্তর, ঢাকা।	সদস্য, নিরীক্ষা দল
০৪.	জনাব সাইদুর রহমান, প্রশিক্ষক, সমবায় অধিদপ্তর,	সদস্য, নিরীক্ষা দল

	ঢাকা।	

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

উদ্বৃত্ত পত্র

(নিরীক্ষিত)

২০১৭-২০১৮ অর্থ বছর

হিসাবের কোড	**বিবরণ**	**নোট দ্রষ্টব্য**	**চলতি বছরের জের ৩০-০৬-১৮ খ্রীঃ পর্যন্ত টাকা**	**পূর্ববর্তী বছরের জের ৩০-০৬-১৭ খ্রীঃ পর্যন্ত টাকা**
	<u>সম্পত্তি ও পাওনা সমূহ</u>			
	▯ স্থায়ী সম্পদ	৭.০	১১১,০৭,১৫,৪২৯.৭৭	১০৪,৮৯,৬৩,৯০১.৯১
	▯ বাদ পুঞ্জীভূত অবচয়	৭.১	(-)২,৩৫,৫৬,২২৩.০০	(-)১,৫৩,০৪,৩০৮.০০

	নীট স্থায়ী সম্পদ		১০৮,৭১,৫৯,২০৬.৭৭	১০৩,৩৬,৫৯,৫৯৩.৯১
	বিনিয়োগ	৮.০	৭৩,৯০,৮৩৯.০০	৭০,৩৬,৩৪৯.০০
	ঋণ পাওনা ও মুনাফা (সুদ) পাওনা	৯.০	৩৩১,২৯,৫৩,৫০০.৭৬	৩৮৫,১৩,৬৭,০৬১.৪৪
	চলতি সম্পদ			
	প্রাপ্য হিসাব (বিবিধ পাওনা)	১০.০	৭০,৮৭,৭১৮.৮৭	৬৩,৮৭,১৯২.৯১
	অগ্রীম ও প্রাপ্য হিসাব (সাসপেন্স এসেট)	১১.০	৭,৬৮,৭২,৭৮৫.৩০	৩,৩২,৮৪,৪৩০.৩০
	মজুত তহবিল হিসাব (হাতে নগদ)	১২.০	১,০১,০৯,৫০২.০০	১,৪৪,১১,৭০৫.০০
	নগদ ও ব্যাংক জমা	১২.০	২,৯৪,০৯,৯৭০.৫৬	৮,৪৮,৭৭,০৬১.৬৭
	আন্তঃশাখা লেনদেন হিসাব	২০	৯৬,০৪,৪৫১.৯০	১,৫০,৩১,৯৬৪.১২
	মোট সম্পদঃ (ক)		৪৫৪,০৫,৮৭,৯৭৫.১৬	৫০৪,৬০,৫৫,৩৫৮.৩৫
	মূলধন ও দায়দেনা			
	ইক্যুইটিঃ			
	শেয়ার মূলধন	১৩.০	৬,৭৮,৫৩,৭৭৫.০০	
	সঞ্চিতি তহবিল	১৪.০	১৮৯,০৬,১৭,২৬৫.১৪	৬,৪৯,৮২,৪৪৬.০০
	পুনর্মূল্যায়ন সঞ্চিতি	১৪.১	৮৩,২৪,৭২,৩৪১.৫০	১৮৮,০০,২৮,৯২৭.৮৯
	অবন্টিত মুনাফা	১৫.০	৬,৮১,৭৯,৩৯৪.৬৭	৮৩,২৪,৭২,৩৪১.৫০
	অচলতি দায়ঃ			
	ঋণ দেনা ও মুনাফা দেনা	১৬.০	৮৯,২৬,৩৫,৩৬৪.২৬	
	অন্যান্য দেনা	১৭.০	১৬,৪১,৪৮,১৮৬.৬১	৭,২৫,৫৫,২৬৬.০১
	মোট অচলিত দায় (খ)		১০৫,৬৭,৮৩,৫৫০.৮৭	১৬০,৫৯,৪৭,৬১২.৬০
	চলতি দায়ঃ	১৮		১৫,৮১,৪৮,১৮৬.৬১
	জমা ও অন্যান্য হিসাব	১৯	২৫,৪১,২৬,৩৩৯.৫৮	১৭৬,৪০,৯৫,৭৯৯.২১
	দেনা হিসাব (বিবিধ পাওনাদার)		৩৭,০৫,৫৫,৩০৮.৪০	
	মোট চলতি দায় (গ)		৬২,৪৬,৮১,৬৪৭.৯৫	
	মোট দায় (ঘ)=(খ+গ)		১৬৮,১৪,৬৫,১৯৮.৪৫	২১,৪৩,৭৫,৩২২.৮৭
				২১,৭৫,৪৫,২৫৪.৮৭
				৪৩,১৯,২০,৫৭৭.৭৪
				২১৯,৬০,১৬,৩৭৬.৯৫

	মোট মূলধন ও দায়		৪৫৪,০৫,৮৭,৯৭৫.১৬	৫০৪,৬০,৫৫,৩৫৮.৩৫
নীট সম্পদ (ক-ঘ)			২৮৫,৯১,২২,৭৭৬.৭১	২৮৫,০০,৩৮,৯৮১.১৪

শামীম রেজা

মহিউদ্দিন আহমেদ

মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)

সভাপতি

বাংলাদেশ সমবায়

ব্যাংক লিঃ

লাভ-ক্ষতি

হিসাব(নিরীক্ষিত)

২০১৭-২০১৮

অর্থবছর

বিবরণ	নোট দ্রষ্টব্য	**চলতি বছরের জের ৩০-০৬-১৮ খ্রীঃ পর্যন্ত টাকা**	**পূর্ববর্তী বছরের জের ৩০-০৬-১৭ খ্রীঃ পর্যন্ত টাকা**
মুনাফা (সুদ) আয়	০১	২২,৯০,৪৮,৭১৫.১৩	৩১,৮০,৭৮,৮২৯.০৯
মুনাফা (সুদ) ব্যয়	০৩	১,৪৭,৩৭,৫১৯.০০	৬৫,৫১,২২২.০০
নীট মুনাফা (সুদ) আয়			
অন্যান্য পরিচালনা আয়	০২	২১,৪৩,১১,১৯৬.১৩	৩১,১৫,২৭,৬০৭.০৯
(ক) মোট আয়		২,৩১,৯৫,২৪৫.৪৪	২,২৫,৬৭,৪১৯.৮৭
বাদ পরিচালনা ব্যয়ঃ			
বেতন	০৪	২৩,৭৫,০৬,৪৪১.৫৭	৩৩,৪০,৯৫,০২৬.৯৬

ও ভাতাদি	০৫		
অন্যান্য ব্যয়	০৬	১৬,১৫,৮৩,৬০৫.১৩	১৪,৮১,৪৮,৭৮৪.৪৮
			৩,৫৩,৭০৯.০০
প্রশাসনিক ব্যয়		৭,৭৬,১৬০.৪০	৪,৯০,০৭,২৬২.৮৪
(খ) মোট পরিচালন ব্যয়		৪,৪২,৪৮,৯৮৭.৩২	
আয়কর পূর্ব লাভ (ক - খ)			
* বাদ প্রভিশন ফর লোনস (বিধিমালা ৮১ (ঘ) অনুযায়ী)		২০,৬৬,০৮,৭৫২.৮৫	১৯,৭৫,০৯,৭৫৬.৩২
বাদ প্রভিশন ফর আয়কর		৩,০৮,৯৭,৬৮৮.৭২	১৩,৬৫,৮৫,২৭০.৬৪
চলতি বছরের নীট লাভ		৬০,০০,০০০.০০	৬০,০০,০০০.০০
যোগ পূর্ববর্তী বছরের লাভের জের			
বন্টনযোগ্য লাভ		২,৪৮,৯৭,৬৮৮.৭২	১৩,০৫,৮৫,২৭০.৬৪
বাদ লভ্যাংশ প্রদান		৭,২৫,৫৫,২৬৬.০১	৬,৫৯,১১,৯১১.৭১
বাদ সঞ্চিতি তহবিল স্থানান্তর		৯,৭৪,৫২,৯৫৪.৭৩	১৯,৬৪,৯৭,১৮২.৩৫
		৭২,৪৩,৫৯৪.০০	৮২,১৮,০০৭.০০
		২,২০,২৯,৯৬৬.০৬	১১,৫৭,২৩,৯০৯.৩৪
অবন্টিত মুনাফা		৬,৮১,৭৯,৩৯৪.৬৭	৭,২৫,৫৫,২৬৬.০১

শামীম রেজা
মহিউদ্দিন আহমেদ
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)
সভাপতি

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

লাভ-ক্ষতি বন্টন

হিসাব(নিরীক্ষিত)

২০১৭-২০১৮

অর্থ বছর

বিবরণ	**পরিমাণ**	**বিবরণ**	**পরিমাণ**
বিধিবদ্ধ সংরক্ষিত তহবিল (নীট মুনাফার ২৫%)	৬২,২৪,৪২২.১৮	**প্রারম্ভিক অবন্টিত লাভের জের (পূর্ববর্তী বৎসর)**	**৭,২৫,৫৫,২৬৬.০১**
মন্দ ও সন্দেহজনক ঋণের রিজার্ভ (সদস্য) ২৫%	৬২,২৪,৪২২.১৮	**বাদঃ লভ্যাংশ প্রদান (২০১৭-২০১৮)**	**(-)৭২,৪৩,৫৯৪.০০**
মন্দ ও সন্দেহজনক সুদের রিজার্ভ (সদস্য) ২০%	৪৯,৭৯,৫৩৭.৭৪		**৬,৫৩,১১,৬৭২.০১**
কৃষি ঋণ স্থিতিকরণ রিজার্ভ (১০%)	২৪,৮৯,৭৬৮.৮৭		
সমবায় উন্নয়ন তহবিল (৩%)	৭,৪৬,৯৩০.৬৬		
ইনসেনটিভ বোনাস (কর্মকর্তা/কর্মচারী)(৫%)	১২,৪৪,৮৮৪.৪৩		
,, ,, (ব্যবস্থাপনা কমিটি)	১,২০,০০০.০০	*** চলতি বছরের নীট লাভ**	**(+)২,৪৮,৯৭,৬৮৮.৭২**
মোটঃ	২,২০,২৯,৯৬৬.০৬		
অবশিষ্ট অবন্টিত মুনাফা উদ্বৃত্তপত্রে স্থানান্তরিত হবে	৬,৮১,৭৯,৩৯৪.৬৭		
	৯,০২,০৯,৩৬০.৭৩		**৯,০২,০৯,৩৬০.৭৩**

শামীম রেজা
মহিউদ্দিন আহমেদ
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)
সভাপতি

আর্থিক বিবরণী
(অনিরীক্ষিত)
২০১৮-২০১৯ অর্থবছর

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

উদ্বৃত্ত পত্র

২০১৮-২০১৯ অর্থ বছর

হিসাবের কোড	বিবরণ	নোট দ্রষ্টব্য	চলতি বছরের জের ৩০-০৬-১৯ খ্রীঃ পর্যন্ত টাকা	পূর্ববর্তী বছরের জের ৩০-০৬-১৮ খ্রীঃ পর্যন্ত টাকা
	সম্পত্তি ও পাওনা সমূহ			
	স্থায়ী সম্পদ	৭.০	১২৬,২৪,৯৪,১১০.৯৭	১১১,০৭,১৫,৪২৯.৭৭
	বাদ পুঞ্জীভূত অবচয়	৭.১	৩,৩২,৪৭,৪৭৮.০০	২,৩৫,৫৬,২২৩.০০
	নীট স্থায়ী সম্পদ		১২২,৯২,৪৬,৬৩২.৯৭	১০৮,৭১,৫৯,২০৬.৭৭
	বিনিয়োগ	৮.০	৭৪,০৭,২৩৯.০০	৭৩,৯০,৮৩৯.০০
	ঋণ পাওনা ও মুনাফা (সুদ) পাওনা	৯.০	৩২৮,০৩,৫৭,১০৮.২০	৩৩১,২৯,৫৩,৫০০.৭৬
	চলতি সম্পদ			
	প্রাপ্য হিসাব (বিবিধ পাওনা)	১০.০	৭০,৬২,৩৪৬.০৮	৭০,৮৭,৭১৮.৮৭
	অগ্রীম ও প্রাপ্য হিসাব (সাসপেন্স এসেট)	১১.০	৩,৮৯,৫২,৮৮১.৫৫	৭,৬৮,৭২,৭৮৫.৩০
	মজুত তহবিল হিসাব (হাতে নগদ)	১২.০	১,২৭,৮৯,৫৭৭.০০	১,০১,০৯,৫০২.০০
	নগদ ও ব্যাংক জমা	১২.০	৭,১৮,৮৪,৬৭৪.৭৩	২,৯৪,০৯,৯৭০.৫৬
	আন্তঃশাখা লেনদেন হিসাব	২০	৯২,৭০,৪২৫.৮০	৯৬,০৪,৪৫১.৯০
	মোট সম্পদঃ (ক)		৪৬৫,৬৯,৭০,৮৮৫.৩৩	৪৫৪,০৫,৮৭,৯৭৫.১৬
	মূলধন ও দায়দেনা			
	ইক্যুইটিঃ			
	শেয়ার মূলধন	১৩.০	৭,১৪,৬৭,৩৫৯.০০	৬,৭৮,৫৩,৭৭৫.০০
	সঞ্চিতি তহবিল	১৪.০	১৯০,৮৭,০৯,২৯৩.৫৮	১৮৯,০৬,১৭,২৬৫.১৪
	পুনর্মূল্যায়ন সঞ্চিতি	১৪.১	৮৪,৭৯,৪৭,২৩৩.৫০	৮৩,২৪,৭২,৩৪১.৫০
	অবন্টিত মুনাফা	১৫.০	৬,৩১,২৩,৪০৩.৬৬	৬,৮১,৭৯,৩৯৪.৬৭
	অচলতি দায়ঃ			
	ঋণ দেনা ও মুনাফা দেনা	১৬.০	৮৯,২৬,৩৫,৩৬৪.২৬	৮৯,২৬,৩৫,৩৬৪.২৬
		১৭.০	১৬,৫১,৪৮,১৮৬.৬১	১৬,৪১,৪৮,১৮৬.৬১

	অন্যান্য দেনা মোট অচলিত দায় (খ) **চলতি দায়ঃ** জমা ও অন্যান্য হিসাব দেনা হিসাব (বিবিধ পাওনাদার) মোট চলতি দায় (গ) মোট দায় (ঘ)=(খ+গ)	১৮ ১৯	১০৫,৭৭,৮৩,৫৫০.৮৭ ২২,৮২,৫৭,৪৭৮.৪৯ ৪৭,৯৬,৮২,৫৬৬.২৩ ৭০,৭৯,৪০,০৪৪.৭২ ১৭৬,৫৭,২৩,৫৯৫.৫৯	১০৫,৬৭,৮৩,৫৫০.৮৭ ২৫,৪১,২৬,৩৩৯.৫৮ ৩৭,০৫,৫৫,৩০৮.৪০ ৬২,৪৬,৮১,৬৪৭.৯৫ ১৬৮,১৪,৬৫,১৯৮.৮২
	মোট মূলধন ও দায়		৪৬৫,৬৯,৭০,৮৮৫.৩৩	৪৫৪,০৫,৮৭,৯৭৫.১৬
নীট সম্পদ (ক-ঘ)			২৮৯,১২,৪৭,২৮৯.৭৪	২৮৫,৯১,২২,৭৭৬.৩৪

মোঃ মোমিনুল হক তালুকদার
মহিউদ্দিন আহমেদ
মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা
সভাপতি

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

লাভ-ক্ষতি হিসাব

২০১৮-২০১৯ অর্থবছর

বিবরণ	নোট দ্রষ্টব্য	**চলতি বছরের জের ৩০-০৬-১৯ খ্রীঃ পর্যন্ত টাকা**	**পূর্ববর্তী বছরের জের ৩০-০৬-১৮ খ্রীঃ পর্যন্ত টাকা**

মুনাফা (সুদ) আয় **মুনাফা (সুদ) ব্যয়** **নীট মুনাফা (সুদ) আয়** **অন্যান্য পরিচালনা আয়**	০১ ০৩ ০২	২২,৯৩,৭৭,৩৪২.২০ ১,২৭,৩০,২৬২.০০	২২,৯০,৪৮,৭১৫.১৩ ১,৪৭,৩৭,৫১৯.০০
(ক) মোট আয় বাদ পরিচালনা ব্যয়ঃ **বেতন ও ভাতাদি** **অন্যান্য ব্যয়** **প্রশাসনিক ব্যয়**	 ০৪ ০৫ ০৬	২১,৬৬,৪৭,০৮০.২০ ২,১৭,২৫,৪০৮.২০	২১,৪৩,১১,১৯৬.১৩ ২,৩১,৯৫,২৪৫.৪৪
(খ) মোট পরিচালন ব্যয়		২৩,৮৩,৭২,৪৮৮.৪০	২৩,৭৫,০৬,৪৪১.৫৭
আয়কর পূর্ব লাভ (ক - খ) * বাদ প্রভিশন ফর লোনস (বিধিমালা ৮১ (ঘ) অনুযায়ী) বাদ প্রভিশন ফর আয়কর চলতি বছরের নীট লাভ যোগ পূর্ববতী বছরের লাভের জের বন্টনযোগ্য লাভ বাদ লভ্যাংশ প্রদান বাদ সঞ্চিতি তহবিল স্থানান্তর		১৬,৮৭,৬৫,৮৯০.৭৬ ৫,৪৮,৯৫০.০০ ৪,৫১,৯৭,১৮১.৪৫	১৬,১৫,৮৩,৬০৫.১৩ ৭,৭৬,১৬০.৪০ ৪,৪২,৪৮,৯৮৭.৩২
		২১,৪৫,১২,০২২.১১	২০,৬৬,০৮,৭৫২.৮৫
		২,৩৮,৬০,৪৬৬.১৯ ১০,০০,০০০.০০	৩,০৮,৯৭,৬৮৮.৭২ ৬০,০০,০০০.০০
		২,২৮,৬০,৪৬৬.১৯ ৬,৮১,৭৯,৩৯৪.৬৭	২,৪৮,৯৭,৬৮৮.৭২ ৭,২৫,৫৫,২৬৬.০১

		৯,১০,৩৯,৮৬০.৮৬ ৭৬,৭৯,২৪৭.০০ ২,০২,৩৭,২১০.২০	৯,৭৪,৫২,৯৫৪.৭৩ ৭২,৪৩,৫৯৪.০০ ২,২০,২৯,৯৬৬.০৬
অবন্টিত মুনাফা		৬,৩১,২৩,৪০৩.৬৬	৬,৮১,৭৯,৩৯৪.৬৭

মোঃ মোমিনুল হক তালুকদার
মহিউদ্দিন আহমেদ
মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা
সভাপতি

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ
লাভ-ক্ষতি বন্টন হিসাব
২০১৮-২০১৯ অর্থ বছর

বিবরণ	**পরিমাণ**	**বিবরণ**	**পরিমাণ**
বিধিবদ্ধ সংরক্ষিত তহবিল (নীট মুনাফার ২৫%)	৫৭,১৫,১১৬.৫৪	**প্রারম্ভিক অবন্টিত লাভের জের (পূর্ববর্তী বৎসর)**	**৬,৮১,৭৯,৩৯৪.৬৭**
মন্দ ও সন্দেহজনক ঋণের রিজার্ভ (সদস্য) ২৫%	৫৭,১৫,১১৬.৫৪	**বাদঃ লভ্যাংশ প্রদান (২০১৬-২০১৭)১৫%**	**৭৬,৭৯,২৪৭.০০**
মন্দ ও সন্দেহজনক সুদের রিজার্ভ (সদস্য) ২০%	৪৫,৭২,০৯৩.২৩		**৬,০৫,০০,১৪৭.৬৭**
কৃষি ঋণ স্থিতিকরণ রিজার্ভ (১০%)	২২,৮৬,০৪৬.৬১		
সমবায় উন্নয়ন তহবিল (৩%)	৬,৮৫,৮১৩.৯৮		
ইনসেনটিভ বোনাস (কর্মকর্তা/কর্মচারী)(৫%)	১১,৪৩,০২৩.৩০		
” ” (ব্যবস্থাপনা কমিটি)	১,২০,০০০.০০	**(+) চলতি বছরের নীট লাভ**	**২,২৮,৬০,৪৬৬.১৯**
	২,০২,৩৭,২১০.২০		
মোটঃ	৬,৩১,২৩,৪০৩.৬৬		
অবশিষ্ট অবন্টিত মুনাফা উদ্বৃত্তপত্রে স্থানান্তরিত হবে			
	৮,৩৩,৬০,৬১৩.৮৬		**৮,৩৩,৬০,৬১৩.৮৬**

মোঃ মোমিনুল হক তালুকদার
মহিউদ্দিন আহমেদ
মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা
সভাপতি

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর

নগদ প্রবাহ বিবরণী

০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০১৯পর্যন্ত

বিবরণ		নোট	৩০-০৬-১৯ পর্যন্ত	৩০-০৬-১৮ পর্যন্ত
পরিচালনা কার্যক্রম হতে নগদ প্রবাহ				
১.	ভোক্তাদের নিকট হতে নগদ গ্রহণ	২৬	৫১,২৬,৫৯,৮৭৮.৫২	৮৩,২৯,৬৮,০০০.২৩
২.	চলতি বছরের আদায়	২৭	৬৪,২৩,০৮,২৭৫.৯২	৬১,৬৮,৯৪,৪৭৩.৯৪
৩.	অন্যান্য পরিচালনা কার্যক্রম হতে নগদ গ্রহণ	২১	২,১৭,২৫,৪০৮.২০	২,৩১,৯৫,২৪৫.৪৪
৪.	ব্যাংকের সুদ হিসাবে নগদ গ্রহণ	২০	২২,৯৩,৭৭,৩৪২.২০	২২,৯০,৪৮,৭১৫.১৩
৫	অন্যান্য চলতি দায়	২৯	১০,৯১,২৭,২৫৭.৮৩	১৫,৩০,১০,০৫৩.৪৬
	মোট সমষ্টিগত নগদ গ্রহণ		১৫১,৫১,৯৮,১৬২.৬৭	১৮৫,৫১,১৬,৪৮৮.২০
	বাদঃ			
	ব্যয়সমূহঃ			
১.	সাপ্লাইয়ার, কন্ট্রাক্টর ও	২৩	১৮,০৭,৬০,৩৫৫.০৪	১৭,৯৯,৯৭,৯৬৩.০৯

	কর্মচারীদেরকে নগদ প্রদান			
২.	আর্থিক খরচ	২২	৪,৮২,৮৩,৮৩৮.৮৩	৫,২৪,৪৪,৭৭৫.৫৭
৩.	অন্যান্য চলতি সম্পদ	২৮	(-)৩,৭৯,১৯,৯০৩.৭৫	(-)৪,৩৫,৮৮,৩৫৫.০০
	মোট নগদ প্রদান		১৯,১১,২৪,২৯০.১২	১৮,৮৮,৫৪,৩৮৩.৬৬
(ক)	পরিচালনা কার্যক্রম হতে নীট নগদ আন্তঃপ্রবাহ/(বহিঃপ্রবাহ)		১৩২,৪০,৭৩,৮৭২.৫৫	১৬৬,৬২,৬২,১০৪.৫৪
বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহ				
১.	বিনিয়োগ বৃদ্ধি/হ্রাস	২৫	৬০,০৯,০৮,১১৩.০০	৮৩,৭০,৭৮,৬৩১.০০
২.	স্থায়ী সম্পত্তি ক্রয়/বিক্রয়	২৪	১৫,১৭,৭৮,৬৮১.২০	৬,৯৫,৬৫,৫২৭.৮৬
৩.	ক্যাপিটাল ওয়ার্ক ইন প্রসেস			
(খ)	বিনিয়োগ কার্যক্রম হতে নীট আন্তঃপ্রবাহ/(বহিঃপ্রবাহ)		৭৫,২৬,৮৬,৭৯৪.২০	৯০,৬৬,৪৪,১৫৮.৮৬
আর্থিক কার্যক্রম হতে নগদ প্রবাহ				
১.	দীর্ঘ মেয়াদী ঋণ হতে নগদ গ্রহণ			
২.	দীর্ঘ মেয়াদী ঋণ ফেরত প্রদান			
৩.	সদস্যদের নিকট হতে জমা/শেয়ার মানি বাবদ		৩৬,১৬,৪৫৩.০০	২৮,৭১,৩২৯.০০
৪.	সদস্যদেরকে ফেরত প্রদান/লভ্যাংশ		৭৬,৭৯,২৪৭.০০	৭২,৪৩,৫৯৪.০০
৫.	নগদ ও ব্যাংকে জমা	১২	৮,৪৬,৭৪,২৫১.৭৩	৩,৯৫,১৯৪৭২.৫৬
(গ)	আর্থিক কার্যক্রম হতে নীট আন্তঃপ্রবাহ/(বহিঃপ্রবাহ) {(৩+৫)-৪}		৮,০৬,১১,৪৫৭.৭৩	৩,৫১,৪৭,২০৭.৫৬
(ঘ)	নীট নগদ আন্তঃপ্রবাহ/বহিঃপ্রবাহ (ক+খ+গ)		২১৫,৭৩,৭২,১২৪.৪৮	২৬০,৮০,৫৩,৪৭০.৯৬
(ঙ)	প্রারম্ভিক নগদের পরিমাণ		৬৫৬,৩৩,৯২,১৫৫.০৪	৩,৯৫,৫৩,৩৮,৬৮৪.০৮
	সমাপনী নগদের পরিমাণ (ঘ+ঙ)		৮৭২,০৭,৬৪,২৭৯.৫২	৬৫৬,৩৩,৯২,১৫৫.০৪

মোঃ মোমিনুল হক তালুকদার
মহিউদ্দিন আহমেদ
মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা
সভাপতি

আর্থিক বিবরণীসমূহের নোট
৩০ জুন ২০১৯ তারিখে সমাপ্ত বছরের জন্য

১.ব্যাংকের ইতিহাস ও উদ্দেশ্য

১.১.আইনগত ভিত্তি

বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ এ্যাক্ট ১৯৪০ এবং বঙ্গীয় সমবায় সমিতি রুলস ১৯৪২ অনুযায়ী ১৯৪৮ সালে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ গঠিত হলেও বর্তমানে সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২,২০১৩) এবং সমবায় বিধিমালা ২০০৪ ও ব্যাংকের উপ-আইন অনুযায়ী সকল কার্যক্রম পরিচালিত হয়। সমবায় সমিতি আইন ২০০১ এর ২(৩) ধারা অনুযায়ী বাংলাদেশ সমবায় ব্যাংক একটি অর্থ সরবরাহকারী সংস্থা। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন সমবায় অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীনে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ পরিচালিত হয়। উল্লেখ্য ১৯৪৮ সালের ৩১শে মার্চ সমবায় সমিতি আইন অনুযায়ী প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানটির জন্মলগ্নে নাম ছিল ইষ্ট পাকিস্তান প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাংক লিঃ। স্বাধীনতার পর ১৯৭২ সালে জাতীয় সমবায় ব্যাংক লিঃ এবং পরবর্তীতে ১৯৭৮ সালে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ নামে পুনঃযাত্রা করে। এর সকল কার্যক্রম বাংলাদেশের সমবায় অঙ্গনের সাথে জড়িত হলেও বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, বাংলাদেশ ব্যাংকের নিয়ন্ত্রনে কার্যক্রম পরিচালিত করে ব্যাংক কোম্পানি আইন অনুযায়ী এবং ১৯৬৬ সাল থেকে বাংলাদেশ ব্যাংকের ক্লিয়ারিং হাউজের সদস্য হিসেবে সাধারণ ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। ব্যাংকের প্রধান কার্যালয় ৯-ডি, মতিঝিল-বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০- এ অবস্থিত।

1.1 ব্যাংকের কার্যক্রম

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ সারাদেশে কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ ও সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর মাধ্যমে বিভিন্ন সমবায় সমিতিকে বিভিন্ন মেয়াদের (দীর্ঘ, মধ্যম ও স্বল্প) ঋণ দিয়ে থাকে। কৃষি ঋণ, শষ্য ঋণ, গবাদীপশু/হাঁস-মুরগী পালন, বোরো ঋণ, আউশ/বোনা আমন ঋণ, মৎস্য ঋণ, শীতকালীন শাক-সবজির জন্য ঋণ, স্বর্ণ আমানত, কনজুমার্স ক্রেডিট ও প্রকল্প ঋণ খাতে সেবা দেয়া হয়। এছাড়া চলতি, সঞ্চয়ী ও স্থায়ী আমানত হিসাব খোলা, পে-অর্ডার, নগদ টাকা উত্তোলনের জন্য MICR (Magnegtic Ink Character Recognition) চেক সুবিধা দেয়া হয়।

২. গুরত্বপূর্ণ হিসাব নীতিমালা

হিসাব সংক্রান্ত নীতিমালা গ্রহণ এবং প্রয়োগ করার কারণে আর্থিক বিবরণী আইএএস (IAS) এর উপযোগী এবং গৃহীত নীতিমালা নিশ্চিত করবে যে, আর্থিক বিবরণী তথ্য প্রদানে সক্ষম অর্থাৎ আর্থিক বিবরণীঃ

(ক) ব্যবহারকারীর সিদ্ধান্ত গ্রহণের জন্য যথার্থ এবং

(খ) আর্থিক বিবরণী নিম্নলিখিত কারণে নির্ভরযোগ্যঃ

১. সমিতির আর্থিক অবস্থা এবং ফলাফল সততা ও দক্ষতার সাথে উপস্থাপন;

২. ঘটনা ও লেনদেনের বাস্তব অবস্থার প্রতিফলন ঘটে;

৩. প্রতিবেদন হয় নিরপেক্ষ এবং পক্ষপাতমুক্ত।

২.১. আর্থিক বিবরণী তৈরী ও উপস্থাপনের ভিত্তি

আর্থিক হিসাব বিবরণীসমূহ সাধারণ গৃহীত হিসাব সংক্রান্ত নীতি (GAAP) এবং বাংলাদেশে গৃহীত আন্তর্জাতিক হিসাব মানের অনুসরণে প্রস্তুতকৃত। এছাড়া IMF কর্তৃক সময় বাংলাদেশের আর্থিক অবস্থা নিরূপনে যথাসময় বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় আর্থিক বিবরণী সরবরাহ করা হয়ে থাকে।

২.২. অ্যাক্রুয়াল ভিত্তিতে হিসাব

আর্থিক বিবরণী ঐতিহাসিক ব্যয় কনভেনশনের অ্যাক্রুয়াল ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে।

অ্যাক্রুয়াল ভিত্তিক হিসাব পদ্ধতিতে লেনদেনসমূহ যখন ঘটে (নগদে কিংবা বাকীতে) তখনই হিসাবভুক্ত করতে হয়।

২.৩ ঋণের জন্য সঞ্চিতি বিনিয়োগ

স্বল্প, মধ্যম এবং দীর্ঘ মেয়াদী ঋণ বিনিয়োগের ফলে তার মেয়াদোত্তীর্ণ হওয়ার পর কিছু সংখ্যক ঋণ সন্দেহজনক ঋণ এবং কু-ঋণ হিসেবে বিবেচিত হয়। সে সকল প্রদেয় ঋণ থেকে টাকা ফেরত না পাওয়ার ফলে ঝুঁকির উদ্ভব হয়। ফলে তারল্য ও নিজস্ব টাকা হারানোর ফলে ব্যাংকের অনেক ক্ষতি হতে পারে। সেজন্য আর্থিক বছর শেষে নীট লাভের একটি পরিমাণ ১০% হারে সঞ্চিতি হিসেবে রাখা হয়। একে কু-ঋণ সঞ্চিতি বলা হয়।

আর্থিক বিবরণীরসমূহের নোট

২.৪ সম্পত্তি, জমি ও যন্ত্রপাতি এবং অবচয়

২.৪.১.সম্পদ ক্রয় ও এর তত্ত্বাবধান পদ্ধতি

পাবলিক প্রকিউরমেন্ট রুল'স ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট ২০০৮ অনুযায়ী ব্যাংকের সম্পদ ক্রয় করা হয়। যে কোন সম্পদ যেমন (কম্পিউটার, ফ্যান, টেবিল, চেয়ার অন্যান্য যন্ত্রপাতি) ক্রয়মূল্য হিসাবে বিবেচিত হয়ে থাকে এবং সেখানে ক্রমান্বয়ে অবচয় বাবদ প্রতিবছর বাদ দেয়া হয়। মূলধন জাতীয় সম্পত্তি স্থাপনের জন্য বিভিন্ন ধরনের ব্যয় 'সাধারণ খরচ' হিসেবে দেখানো হয়েছে। ভবিষ্যতে অর্থনৈতিকভাবে লাভবান হবে এ আশায় কোন সম্পদ কেনার জন্য খরচ হলে তাকে মূলধনী খরচ হিসাবে অর্ন্তভূক্ত করা হয়েছে।

২.৪.২অবচয় নির্ণয়ের পদ্ধতি/হার

সম্পদ সরল পথ (straight line) পদ্ধতি অবলম্বন করে মোট সম্পদের (ভূমি ছাড়া) ব্যবহারিক জীবনের মধ্যে ঐ সম্পদের মূল্যের উপর অবচয় ধার্য করে নিঃশেষ করা হয়েছে। অবচয়ের হার নিম্নরূপঃ

দালানকোঠা	৫%
আসবাবপত্র	১০%
কম্পিউটার	২০%
বৈদ্যুতিক সামগ্রী/যন্ত্রপাতি	১৫%
যানবাহন	২০%
লিফট্	১৫%

সমবায় অধিদপ্তর প্রকাশিত হিসাব ম্যানুয়াল অনুযায়ী

২.৪.৩. সম্পদ পুনর্মূল্যায়ন

সম্পদের বাজার মূল্যের সাথে যাতে কোন পার্থক্য না থাকে সেজন্য একটি নির্দিষ্ট সময় পর পর সম্পদ পুনর্মূল্যায়ন করতে হয়। সম্পদ পুনর্মূল্যায়নের ফলে প্রাপ্ত লাভ পুর্নমূল্যায়নের সঞ্চিতিতে পূর্বের ব্যালেন্সের সাথে যোগ করা হয়েছে। যেহেতু পুনর্মূল্যায়নের ফলে উদ্ধৃত্ত লাভ এক প্রকার মূলধন তাই মূলধন হিসাবে পুনর্মূল্যায়ন সঞ্চিতি হিসাব খাতে দেখানো হয়েছে। উল্লেখ্য বিভিন্ন প্রতিষ্ঠানের শেয়ার খাতে বিনিয়োগকৃত অর্থের ৩০.০৬.২০১৯ তারিখে বাজার মূল্যে না দেখিয়ে ক্রয়মূল্যে দেখানো হয়েছে।

২.৫. আয়ের স্বীকৃতি

